#### প্রকাশক

শ্রীপ্রিয়নাথ দাস গুপ্ত ইপ্তিয়ান্ পাব্লিশিং হাউস ২২া১ কর্ণপ্রয়ালিস ট্রীট, কলিকাতা

কান্তিক প্রেস

২০ কর্ণওয়ানিস্ খ্রীট, কনিকাডা শ্রীহরিচরণ মারা ঘারা মুদ্রিত এই কবিতাগুলি ১০১৬ সালের বর্ধাকালে রচিত। সম্প্রতি একটু
আগটু পরিবর্তন করিরাছি। এ গুলি একান্ত্রিকা পদ বা একোন্তি-গাণা।
চোগের অন্থের জন্ত আমি এই পুস্তকের প্রফ দেখিতে পারি
নাই; সমন্তই বন্ধুবর প্রীবৃক্ত চাঞ্চচন্দ্র বন্দ্যোপাধ্যায় এবং বন্ধুবর প্রীবৃক্ত
মণিনাল গলোপাধ্যায় দেখিয়া দিয়াছেন। উাহাদের এই বন্ধুকতা বাতীত

এই গ্রন্থ প্রকাশিত হইবার সম্ভাবনা ছিল না। গত বারের মত এবারেও প্রাফ্রদ-পটের পরিকল্পনা প্রিয় বন্ধু শ্রীয়ক্ত অসিতকুমার হালদারের অক্লিত।

हेहाँ एन र नकरनंद कार्र्डि व्यक्ति बनी ।

শ্ৰীসভোক্সনাথ দত্ত

ৰলিকাতা ,

०२रम सार्वन, ১०२১ ।

গল্পছলে গছ-কবিতার রচয়িতা

প্রিয় বন্ধু

<u> व</u>ीयुक्त भिनान गर्जाभाषाय

করকমলেষু—

# मृही COOCH EHAN

"সপ্ত লোবে বিজ্ঞাৎপূৰ্ণা	র সাত মহলে"	•	•••		1.
<b>িবিত্বাৎপর্ণা</b>			•••	····	>
र्ग्गा नाविश					>0
শোভিকা			•••	•••	२३
অনাৰ্য্যা					8•
পরিব্রাজক				•••	89
বাজপ্রবা				•••	৬৬
বাজ-বনিনী		•••	•		98
যশ্মস্ত		<i>.</i>	•••	***	42
ত্ভাগা	•••	***		•	৮৭
বিষ্ঠাৰ্থী			•••		20
শবাসীন					>•5
'পরেম্বা'			•••		228
সতী	•••				>55
বিষক্সা	•••			•••	<b>५२</b> 9
দেবদাসী	•••			•••	208
মরিয়া				•••	>6>
শেষ	•••				292



ř

সপ্ত-লোকের সাত মহলে
 তুলির লেখা লিখ্ছ কে ?

দাও গো মোরে অযুত আঁখি
 কুলায় না যে ছই চোখে।

শিল্পী! ওগো শিল্পী আদিম!
 শিল্প তোমার আমার মন,

সেই মনেরি মন্-রচনা—
 কার স্কন গো কার স্কন ?
তোমার হাতে অলগ্ তুলি
 রঙের গায়ে রঙ্ চুলে,
তুলোর তুলি আমার হাতে
 রঙের রসে টুল্টুলে।

আমার মনের চিত্রশালায়
জাগ্ছে যে ওই হাতের দাগ,
আপদ্রা এঁকে বায় গো সেথায়
ধোয়া তুলির পাণ্ড্রাগ!
জাগ্ছে সেথা হাজার 'আমি',—
নবীন, প্রাচীন, চিরস্তন;
জাগ্ছে অতীত্পতিত্ 'আমি'
জাগ্ছে পতিতোজারণ।

মগজ মনের রেখার রেখার

তুলি তোমার বার বৃলি',

চুলের তুলি আমার হাতে

নামটি তুলির 'এক্-চুলি'।

চল্ছে চির-স্থন থেলা,—

ন্তনতার নাইক শেষ,—

ন্তন ন্তন মনের লোকে

ধরছে বিশ্ব নৃতন বেশ !

তোমার তুলি থাম্ল বেথায়

আমার তুলি চল্ল গো,—

পুলো তারায় কালা-হাসির

ন্তন রং যে ফল্ল গো।

চুলের তুলি চোচের তুলি

তুলোর তুলি ধন্ত সব,
কাঠ-বিড়ালীর মোচের তুলি
ভাগ্য তারো স্কুর্লভ।

তোমার দীপের শিখার হ'ল জীবন আমার প্রদীপ্ত, তাইতো জাগে স্কল-প্ররাস তাইতো শিলী অতৃপ্ত; তাই সে আঁকে, তাই সে মোছে,
মনের বোঁকে বারন্ধার,
শৃক্ত পটে পুণ্য পাপের
'হ্বমা-সারা' চমৎকার!
আন্রা ক'রে বাজ্ছ তুমি
তর্ছি মোরা রং দিরে,
তুশির শেখা ধত্ত হ'ল
আনন্দর্ভপ বন্দিরে।

# বিহ্যুৎপর্ণা

श्रास्त्रत सोकिक !
शास्त्रत कृष्ठिं!
गरतत गीमा ठिक
गास्त्रत मृर्खिं!
विक्नीत भामि क्यांि
श्राठि प्रकार मृर्छि
गठि विना स्नान् गठि
गठि विना स्नान् गठि
नारे सान् मृकि।

# ज्ञित निवन

নন্দনে তাই, হার,
না পাই আনন্দ;
পারিজাতে টুটে বার
মোহ-মোহ গর !
কে কোথার গার গান,—
বিহবল মন প্রাণ;
মন্ত্য-ফুলের ড্রাণ
মোর মোহ-বন্ধ!

মন্ত্য-কুলের বাস,—

মৃত্যুর ছন্দ,—

আকাশে ফেলিরা খাস

রচে চারু ছন্দ!

কোণা ধরণীর তলে

কি নব স্থান চলে,

খন মন্থন-বলে

ওঠে ভাল মন্দ!

কাহার হৃদরে হেরি

শাগরের মত্ব,

অনাদি গরল ঘেরি

অম্ত অনস্তঃ

# বিহ্যাৎপৰ্ণা

মোরা সাগরের মেরে মছন-দিন চেরে প্রাণের সাগরে নেরে হই প্রাণবস্ত।

কে গো ভূমি গাও গান
হে কিশোর চিত্ত !
তোমারে করিব দান
চুখন-বিত্ত ।
গান্ধারে ধর স্থর,—
ধর স্থর স্থমধূর,
গাও, গীত-স্থখাভূর
আমি করি নৃত্য ।

করতরূর ফুল
পড়িল কি থসিরা,
কী প্লকে সমাকুল
ধ্যান-রস-রসিরা !
কিসের আভাস থানি
সে কোন্ অপন্-বাণী ?
চেয়ে দেখ, পরী-রাণী
ফিরে নির্যসিরা ।

# তুলির লিখন

আমি পরী অপারী
বিহাৎপর্ণা,—

মন্দার কেশে পরি

পারিজ্ঞাত-কর্ণা;

নেমে এক ধরণীতে

ধ্লিমর সরণীতে

কাঞ্চন-বর্ণা।

মোরা খুসী মই শুধু
দেবতার অর্থ্যে,
কোনো মতে রই, বঁধু,
অর্গের বর্গে।
চির-চঞ্চল মন
ছল থোঁজে অ্লগণন,
তাল কাটে অকারণ
খেয়ানের খড়ুগে।

জাগে নৃতনের ক্থা,
তাই চেন্নে বক্তে
নেৰে এই পীত-ক্থা
চকোরের চক্তে;

#### বিদ্যুৎপূর্ণা

এক ঠাঁই নাই স্থধ মন তাই উৎস্ক, নাচে হয় ভূলচুক শাপ দেয় শক্ৰে।

নাই তবু নব-ধক্

মন্ত্রের দ্রন্তী,—

নব-ধাতা কৌশিক

নব-লোক স্রন্তী;

নাই রাজা পুররবা,—

তবু ধরা মনোলোভা;—

বেচে ত্যজি স্থরসভা,—

শাপে হই ভ্রাঃ।

তব্ যে যুবন্ হিন্না

হলতি-লুক্ক
আছে আজো শ্রামনিরা

ধরা ধ্লি-কুক্ক ;

নব নব প্রেরণার

দিশি তারা ধার

প্রাণ দিরে প্রাণ পার

দেখি চেরে মুক্ম;

#### ভুলির লিখন

শাংশ যোরা মানি বর
কৌছুক-ছিত্তে
নেবে আসি ধরা 'পর
সাধনার তীর্থে
অপক্ষপ এ ধরণী
কামনা সোনার ধনি
চিরদিন এ বে ধনী
নব-আশা বিতে।

বাঁপ দিয়ে অজ্ঞানার
তোলে মণি মর্ত্ত্য,
সঁপি' মন অচেনার
প্রেম পরিবর্ত্ত !
চির-উৎস্থকী তাই
মাহবের মুখ চাই
গোপনের তল পাই
স্থানের অর্থ ।

স্বপনে স্বপন বাঁধি অঙ্গুলি-পর্ণে, আলো-ছান্তে হাসি কাঁদি নির্মান-বর্ষে। বোরা পরী অপ্সরী ক্ষিতি অপ্ তেজ ভরি সঞ্চরি বাই সরি নব নব হর্ষে ।

পরশ ব্লাবে বাই

শিশুরে ব্যব্তে
দেয়ালার হাসে তাই

হথে-ধোরা দত্তে।
তরুণ জাঁথির ভার
উকি দিই ইশারায়,
এ হাসির বিভা ছার
কীর্তির পছে।

ভাব্কের ভাবে রাখি
পরশ অনৃত্ত্য,
মেলে সে নৃতন আঁথি
হেরে নব বিশ্ব !
মনের মানস-রসে
নব ভব নিঃখসে
নব আলো পড়ে থসে
মরণ-অধ্যা !

# जूनित निधन

ভাব—ভাব-কদমের
কুল দিনে রাত্রে
কুটে ওঠে জগতের
রসধন গাতে,
মধু তার অসুরান্
ক্থা হ'তে নহে আন্
মোরা জানি সন্ধান
ধরি হদি-পাতে।

মোরা উঠি পদ্ধবি'
বিহাৎ-শতিকায়;
নীহারিকা ছায়াছবি,—
মোরা নাচি ঘিরি' তায়।
মুকুতায় অবিরাম
করি মোরা অভিরাম,
কড়াই কুসুম-দাম
সাগরের অতিকায়।

আমরা বীরের লাগি'

স-রথ স-ভূর্য্য,

বণিকের আগে জাগি'

মণি বৈদুর্য্য,

তাপদের তপ টুটি, হাওরার হাওরার বৃটি, কবির হাবরে স্থাট আবাহীন ক্র্য্য।

স্বরগে মরতে নিতি
করি মোরা যুক্ত,
দিই প্রীতি, গাই গীতি
চির-নিমুক্ত।
কর্ম-পাদপ আর
কর্মনা-শতিকার
দিই বিরে, রচি তার
বিবাহের স্কুত।

হাসি মোরা কিক্ ফিক্
তট-জলে রজে,—
ঝিক্ষিক্ চিক্ষিক্
ভঙ্গ তরজে,—
ফুল-বনে পরশিরা,—
ঝৌবনে সরসিরা
চুম্বনে হরবিরা
জ্ঞাক্ত অনজে।

কাৰনে বরতের
বুকে রচি নক্ষন,
বনে বনে হরিতের
ঢালি হরি-চন্দন;
আকাশ-প্রদীপে চাহি
মোরা কড গান গাহি,
কবি-হদে অবগাহি
গভি প্লোক-বন্ধন।

শুক্র শারদ রাতে
ভোছনার সিদ্ধৃ,
বেষের পদ্মপাতে
নোরা মণি-বিন্দু।
মেষের ওপিঠে শুরে
ধরণীরে দেখি স্থরে,
জাধিজন পড়ে ভূঁরে
দ্যাধে চেমে ইন্দু।

ভাগবাসি এ ধরারে
করি চুমা বৃটি
মৃত্যুর অধিকারে
অমরতা কৃষ্টি;

#### विद्यादननी

স্থাধর কাঁদন নিখি বরমে নিখন নিখি;— নোকে-কলে ঝিকিমিকি হেনে বাই দৃষ্টি।

খেলি খেলা নিশি তোর
সারা নিশি বঞ্চি,
চলে বাই হাসি-চোর
আঁখি-লোর সঞ্চি';
ভুধু এই আনাগোনা
মনে মনে জাল বোনা,
গোপনের জানা শোনা
ভূপনে প্রবৃঞ্চি'।

পিরে বাই মন্তরে
নৃতনের হর্ষ,
নাঁপে বাই জন্তরে
বিচ্যাৎ-ম্পর্ন !
দিরে বাই চুখন
চলে বাই উন্মন ;
জীবনের স্পান্ধন —
হর বা বিমর্ব !

# जुनिय नियंन

মিশে হাই ধোরাঁ-ধার
ঝর্ণার শীকরে,
হেসে চাই আরবার
জোনাকীর নিকরে,
থেরালের মন্ত সে
পান করি সন্ত সে,
চির-অনবন্ত সে
হাসি-রাশি ঠিকরে।

থেরাল মোদের প্রভূ,
দেবতা অনক,
আমরা সহিনা তবু
সত্যের ভক ;
আমরা ভাবের লতা,
ভালবাসি ভাবুকতা;
নাহি সহি নয়তা,—
নিলাজের সক্ষ।

চির-যুবা শ্র বীর বিজয়ীর কুঞ্জে আমাদের মন্ধীর মদালসে শুঞ্জে; ভাবে বারা তক্তর জানেনা মরণভর ভার নাগি' জানি হর রণ-ধ্ম-প্রে।

ক্টে উঠি হাসি সৰ

ৰড় গের ঝলকে,

মোরা করি বনোরম

মৃত্যুরে পলকে।

উৎসবে দীপাবদী

সনে মোরা নিবি জ্বলি,

ম্বরা সম উচ্ছেদি'

চঞ্চল পুলকে।

বুগে বুগে অভিসার
করি নবু পক্ষে,
নাই নীলা দেবতার
অনিষেব চক্ষে;
আকাশের ছই তীর
হ'তে নাহি দিই ধির,
টি'কি নাকো পৃথিবীর
নীমা-ধেরা বক্ষে।

### তুলির লিখন

আকাশের ক্ল কোরা,
ছাতি বোরা ছালোকে;
বগনের ভূল বোরা
ভূল-ভরা ভূলোকে।
চরণে হাজার হিরা
কেঁলে মরে শুমরিয়া
ধূলি হতে ফুল নিরা
মোরা পরি জালকে।

গাধ কৰি ! গাও গান
হে কিশোর-চিত্ত !
কিশনতে কর দান
চুম্বন-বিত্ত ।
বাঁধ মোরে ছন্দে গো
বাঁধ ভূজবদ্ধে গো,
ভোমা' দিবি' ফিবি' ফিবি'

# সূর্য্য-সার্থি

হিম হ'রে বার, হিম হ'কে বার বপু মম বেগমান, ঝিম্ ঝিম্ ঝিম্ নভ নি:দীম কেঁপে কেঁপে মরে প্রাণ; বাজে কি না বাজে কালের ভমক ভিত্তিম অবসান!

আঁধারে কে মোরে আগালে অকালে আনিলে চেতন-কৃটে, ডিম্ম টুটিব আপন বলে বে,— কে দিল ডিম্ম টুটে ? কে মোরে ঢেকেছে উদ্ধাসন্থীন বিপ্রা পক্ষ-পুটে ?

# ভূলির লিবন

আকালে বিকলে আগালে বিকলে,—
গর্জ-শরম-শারী
বজ-শোপিব কৃতিত জাণ
স্কানী-পীব্য-শারী;
নিরালোক দেশে বিছা আগরণ,—
হ'লে অকালের হারী;

নিদ্-সাগরের তটে তটে বারু
কেলে হিন্ন নিখাস,
শবরীর মেরে স্থামা শর্করী
চিত্তে জাগার আস;
কথন্ মোচন হবে আঁখারের
এই অজগর গ্রাস ?

জননী বিনতা ! অন্নি অবনতা !
কী করিলে তুমি, হার !
আবরণ মোর কেন ঘুচাইলে
অকালে চঞ্চার ?
আমি অপৃষ্ট আমি শীতাতুর
দাঁড়াতে পারি না পার ।

জানি হংসহ হর্দশা তব হংসহ নাসীপনা, সজীনীর হলে হড-মান কৃষি সহ শত গঞ্জনা; সজীনীর হেলে ফ্রে সর্পেরা নাার ভোরে লাহনা।

তবু রোষ মানি,—কেন তুই মোরে করে দিলি নিক্ষল ? বৈধ্য ধরিতে বলি' গেল পিতা কেন হ'লি চঞ্চল ? মহাবল ছেলে হবে যে মা তোর, এই কি দে মহাবল ?

ক্র সর্পের দর্প ঘৃচাব,—
এই ছিল মোর তপ,
জন্ম-কোবের মাঝে রহি শুধ্
এই করিরাছি জপ;
ভেঙে দিলি তুই বার্থ করিলি
নষ্ট করিলি দব।

वृभित्र मियन

কতদিন মোরে পক্ষে ঝাঁপিয়া দিনি বক্ষের তাপ, দিন গণি' গণি' করিনি আপনি কত যুগ পরিমাপ ; কার শাপে শেষে ঘটালি এমন, কার এই অভিশাপ ৪

কোন্ নিষ্ঠুর পরিহাস হেন করিছে মোদের সবে ৭ শব্ধ-ধবল দেবতার ঘোড়া নহে কেন কালো হবে १ ভরিবে ভূবন কেন কদাচারী কদ্রুর গৌরবে ৭

সস্তাপ তোর ব্ৰিতে পারি মা
মুখে তোর নাই হাসি।
মনের শ্লানিতে,মরমে মরিছ্
সতীনীর হ'বে দাসী;
শোচনার তোর অস্ত নাহি গো
অস্তুশোচনার রাশি।

স্বামী উদাসীন, প্রবল সতীন
চিরদিন বস্ত্রণা,
পক্ষের তলে যে ছটি পুরিলে—
এমনি বিড়ম্বনা—
একটিরে তার নিজে না মেরেছ;
কিবা আছে সাম্বনা ?

স্থল কূল নাই ছ:খ-সাগরে

চেউ দে আধার-করা,
কূলে এসে হায় ডুবে গেল তোর

ভবিষ্যতের ভরা;
আশা-মালঞ্চ বড়ে ভেঙে দিল
তোর এই অতি ম্বরা।

অধিক যতনে আশার প্রদীপ আঁচলে ঢাকিলে, মরি, অতি আগ্রহে দীপ দে নিবিল অঞ্চল গেল ধরি', নগ্ন দাঁড়ালে শক্তর আগে নেবা-দীপ হাতে করি'।

# তুলির লিখন

বেদনা তোমার ব্রিতে পারি মা বে বাতনা দিনধামী সে ব্যথা খুচাতে নাহি সামর্থা ব্যাহত পঙ্গু আমি; শীতের শাসনে মুহ বুকে মোর স্পান্দন আসে থামি।

বাহির হ্বার যোগ্য না হ'তে বাহিরে আনিলে টেনে, দান্ত মোচন হল কি জননী অকালে আঘাত হেনে? অধবা জাগালে হুথের দোসর বড়ই একাকী মেনে?

তবু একা তোরে হবে মা রহিতে,
মোরে বেডে হবে দ্রে,
ছখের দোসর হতে নারিলাম
তোর নৈরাশ-পুরে;
রবি বিনা মাতা খণ্ডি কে দিবে
এই চির-শীতাতুরে ?

বিধির বিধান লজিব' করিলে
বিধাতার অপমান,
হার মা! আপনি বাড়ালে আপন
নাজের পরিমাণ;
তাপন তোমার স্বামীর কথার
দিলে না, দিলে না কান!

অপ্রমন্ত বহিতে নারিলে,
সহিতে হইবে ছথ,
অভিশাপ নহে,—মারে দিরে শাপ
পুত্রের কিবা স্থথ ?—
মাতার দাতে পুত্রের কবে
উজ্জল হর মুথ ?

অভিশাপ নহে, ভবিতব্য এ,

এ যে করমের ফল,

অকালে অকাক্তে ব্যব্তিত বিস্তা চাই নব সম্বল;

নব তপে পুন যুগের যাপন

এনে দিবে নব বল।

### তুলির লিখন

আছে এফ মহাসত্ত এখনো
তোমার পক্ষতলে,
অকালে যেন মা তারে আর তুমি
জাগারো না নিক্ষলে;
তোমার দাশু ঘুচারে ধন্ত হ'ক সে অবনীতলে।

শৃষ্ধ-ধবল দেবতার খোড়া,—
কালো যারে বলে ক্রুর,—
তার শুভ্রতা করিবে প্রমাণ
মোর সে সোদর শূর,
বিধির বিধান ক্রু যারা বলে
তাদের দর্প চুর।

যুদ্ধ করিয়া দেবতারও সাথে লভিবে দে সন্মান, হবে ভেজীয়ান, বিঞ্-রথের চূড়ায় তাহার স্থান; দেবতার রাজা ইক্রের সনে করিবে দে স্থধা পান। বিশ্বে বিথারি মৃত্যুর ছারা প্রম দর্শভবে অন্তের সাধ রাথে বারা, স্থবা সঁপিবে তাদেরও করে, উদার তাহার হৃদর কাঁদিবে ক্রুর সর্পেরও তরে।

দেবতা হবিবে স্থার কলস,—
বিধাতার এ বিধান,—
সর্প কুটিল হবে না অমর,
হবে শুধু হতমান;—
অমৃতের লোভে জিহ্বা মেলিয়া
অঞ্-সলিল পান।

পঙ্গু আমি মা! ভারের শোর্য্য ভাবিরা আমার স্থপ, আমি দিরে বাই আশার বারতা কানে তোর উৎস্থক, আলোর আভাসে দেখে বাই তোর ক্ষণ-উজ্জ্বল মুখ।

আশিস কর মা, আলোর বারতা আশার বারতা বহি' বার্থ জীবন সার্থক হোক আলোকের রথে রহি'; পিতা বলেছেন 'হর্যা-সার্থি',— আমি তো তুক্ক নহি।

পঙ্গুর এই ভঙ্গুর দেহ
চালাবে আলোর রথ,
রশ্মি হেলনে সপ্ত অর্থ
ছুটাইবে বৃগপৎ,
দীপ্ত ললাটে উজলি চলিবে
আকাশের রাজপথ।

জননী! জননী! দেখ ওই টুটে
তিমিরের নাগপাশ!—
আঁধারের পটে স্থ্য-রথের
মৌক্তিক উচ্চ্বাস!—
সম্ভ-ছধের মত কবোক
বাতাসের নিশাস!

জাগ আত্রের আর্ডিরন !

জাগ রবি! প্রাচীমূল,

এস ভাষর! এস ভাষর!

আঁধার বিধিয়া পূলে;

শীতাতুর তব নবীন সারধি

লও তারে রখে তুলে!

অক্ষম জেনে নৃত্ন ক্ষমতা স্ক্রিলে আমার লাগি', আমারে করিলে জ্যোতিয়স্ত ! আপন জ্যোতির ভাগী; ওগো জগতের নরনের তারা পল্মের অমুরাগী!

উগ্র তোমার বাগ্র আলোক বাঘের চোণের জ্যোতি; সহিতে নারে বা' বিষভুবন হে গ্রহ-ছত্রপতি! দহিবে না তার, সহকে সহিবে তম্ব-দেহ এ সারধি।

সহজে সহিব, আমোদে রহিব
তোমার নম্বন-ভাম,
মধু-পিঙ্গল কিবণ তোমার,—
মধুর করিব তাম;
যুগে যুগে ন্ব-জাগ্রণ-ভূরী
বাজাব প্রভাত-বাম।

আলোকের রথে সারথি হইরা জনমে জনমে রব, জনমে জনমে জনে জনে আলোকের বাণী কব; পুশ্-বিকাশ আশার আভাস জাগাব নিত্য নব।

জননী বিদায় ! বিদায় জননী !
প্রণতি তোমার পায়,

চির ক্রণ এই কুদেহ তনয়ে
রেথ, মনে রেখ, হার,
ক্রণিক আশার দোসর তোমার
চরণে বিদায় চায়।

#### সূর্য্য-সারখি

স্থদিনে শ্বরণ করিয়ো জননী !

আর কিছু নাহি চাই,

পাণ্ডু আশার প্রথম আভাদ

দিরে আমি চলে যাই;

স্থা-রথের পঙ্গু সারথি

আলোকের আগে ধাই।

মন্দের ভাল সকলের আগে,
দে ভাল ক্ষণস্থায়ী;
ভালর ভাল দে সর্ব্ধ কালের
চরমে আরামদায়ী;
নরনের জল মোহ, মা! তুমি যে
অমর অমুতপায়ী।

বিদায় জননী! যাই মা! বিদায়!
শীতে বড় পাই ক্লেশ,
পূরিবে কামনা পুণাবতী গো
নাই সংশয়-লেশ,
রবি-রথে বসি দেখিব একদা
মা তোর হুথের শেষ।

## ভূলির লিখন

দেবতা ! তোমার হরিং ঘোড়ার রশ্মি আমার দাও ; সপ্ত অম্ব বৈবন্ধতী ! ধাও তীর-বেগে ধাও ; নব জাগরিত বিশ্ব ভূবন ! নব গায়তী গাও ॥

# শোভিকা

তপ্ত ভূবন, স্থপ্ত বাতাস, তৃপ্তি নাহিক, নাহিক আশা; কঠি-মলিকা-ফুলের পাতায় কাঠ-পিপড়েতে বেঁখেছে বাসা। রৌদ্র-মাতাল মৌমাছিগুলা মূর্চ্ছি' পড়িছে শিরীষ-মূলে, চাক্ভাঙা যত ভীমকল এসে ব্যস্ত করিছে কুর্চিফুলে। নীরব-দহনে দহিছে জ্বগৎ অশ্ৰ-বিহীন বিপুল ছখে, ভকাষে উঠিছে বিপুল হতাশে আমারি মতন মৌনমুখে। শৃন্ত হামর শুকারে উঠিছে শুক্ষ নয়ন স্থাবে চায়; হার গো হার !

মধুবাপুরীর শ্রেষ্ঠ গায়িক।

মধুপার মেরে নন্দা আমি,

দরীগৃহে রাজ-রঙ্গ-ভবনে

গানে গানে গানে পোহাই যামী।

করি অভিনয় রাজ-রঙ্গনে

আমি গো শোভিকা নগর-শোভা,

রাজার প্রজার নয়নের মণি

হাজার হাজার হৃদয়-লোভা!

আয়ন্ত মম সকল বিছা

করগত চৌবটি কলা,

গেহ ভরা জানী-গুণী-সমাগমে,

ভব্ ঘুচিল না মনের মলা।

তব্ ঘুচিল না চির-হাহাকার,

না জানি পরাণ কি ধন চার

হার গো হায়!

শঝ-ধবল গৃহটি আমার
কীলক-বদ্ধ কৰাট তাহে,
গৃহচ্ছে সোভাগ্য-পতাকা
গৃহতলে শুক সারিকা গাহে;
প্লথ আলস্যে আরামে বিমাই
রেশমের হিন্দোলার পরে,

দাসী নিপুণিকা আর চতুরিকা

মন্দী তাড়ার চামর করে।

শশকের লোহে কেশ ধুই নিতি,

কাশ্মীর-ফুলে বাধি কবরী,
তুষার-মিশ্র শীতল মদিরা

পান করি কভু সেতার ধরি;

হুরে বাধা তার করে হাহাকার,

বাষ্প-জড়িমা হুরে জড়ার!

হার গো হার!

বিশ্বত কোন্ স্থান স্থান কারে আদে,
ভারার মতন ঘনারে আদে,
অ-ধর সে কোন্ স্থান চাদের
স্থানা গোপন পরাণে ভাষে;
পিছল এই জীবন-দাররে
পদ্ধজ কোথা ওঠে গো ফুটে,
সৌরভ তার কাঁদিয়া কিরিছে
ব্যথিত আমার পরাণ-পুটে।
অনেক ধামিনী ব্যর্থ গিরেছে
অনেকের পরিচর্য্যা করি',

ক্লিকের বোহ ক্লে সে টুটে ছে
কুলেছি, ঠেলেছি, রাখিনি ধরি'।
না পেরে নাগালে বে পাওরা পেরেছি
ভারি লেহা শুধু পরাণে ভার,
হার গো হার!

মন বাহা চার হার গো সে ধন
বাহ ধদি ঘেরে রাহর মত
আধা-পথে মন ফেরে বাধা পেরে
মনের যে গেহা হর সে গত।
দেবতার ভোগ কুরুরে থার
উপোধী দেবতা হর বিমুধী,
ভোগের পরশ নাশে ভালবাসা
পাঞ্চ অকচি ছার গো উকি।
নরনের আগে বারেক হাসিরা,
যে চাঁদ অপুরে গিরাছে সরি'
ভাবের ভ্বনে চির পূজা তার,
আরতি তাহার জন্ম ভরি'।
মিরিতি অপনে তার রাজাসন
চির আঁধিধারা করে সে পার,
হার পো হার!

মনে পড়ে দেই মনোহৰ রাতি

কিরিভেছি অভিনরের শেবে
প্রক্র-ভূমিকা করি' অভিনর

ধেরালে চলেছি পুরুত্র-বেশে।
রঙ্গ-হ্রারে রপ্তা ভরুত্র

দীপ-বৃক্তে বেডাট অলে,
সে আলোতে বিদি পুঁথি পড়ে কেগো ?
ধেরানী বিলাস-ভবন-তলে!
কিশোর মুরতি আঁথির আরতি
পরাণের প্রীতি লয় সে কাড়ি';
সিত-বিন্নিত বচনে স্থায়

"কি পড়িছ হেখা ? কোথার বাড়ী ?"
কহিছ নাট্য-ভবন-হ্রারে
পাঠ্যেতে মন দেওলা বে দার,
হার গো হার।

পুঁথি হ'তে মুখ ভূলিয়া বাবেক

অমনি সে আঁখি কবিল নীচু,

দৈশু-লজ্জা আকুতি নৱনে

সহসা বলিতে নাবিল কিছু।

নীববে বেন সে কহিল আমায়

"অপরাধ ইহা ?—ছিল না জানা;

# ভুলির লিখন

অপব্যবের মণাল অলিছে,—
পাঠ-অভ্যান তাহে কি মানা ?"
নৰোচ হেরি' হুবাছ আনি,
কৈন কিনিতে নাই নামৰ্থ্য
তাই হেথা বসি করেক বামী;
গুকু পক কুক হ'বে গেলে
আসিব না আর আমি হেথায়।"
হার গো হার!

তামসিকতার তোরণে বসিরা

এ কি তপজা!—ভাবিত্ব মনে;
তরুণ তাপস! তোমার দৃষ্টি
পৃত করি' দিল এ হীন জনে।
তুমি উঠিতেছ চিক্ত-শিখরে
আমি ভূবিতেছি ভোগের কৃপে;
লালসার থরা নয়ন আমার
জুড়াল তোমার তাপস-রূপে।
সহসা হারত্ব সংবরি, তারে
কৃহিত্ব পিড়িতে হবে না পথে,

এই লও ছটি কনক নিক, তৈল প্ৰদীপ হ'বে এ হ'তে ? লক্ষা ক'ব না কিশোৰ বন্ধ !" হাতে লবে হাত দিক্ক বুঠাব। হাব গো হাব !

মাদে মাদে ঠিক সেইখানে গিয়ে
পুজার অর্ব্য দিতাম তারে,
পুণ্য আমার এই অভিসার
মণি হ'রে অলে স্থৃতির হারে।
যে বেশে প্রথম দেখেছিল মোরে
সেই বেশে সাজি দিতাম দেখা,
গোধুলি লগনে ছারা আবরণে
দ্রে নাসী রেখে যেতাম একা।
ভানিতাম তার জীবনকাহিনী,
ছোটখাট তার অভাবগুলি
মোচন করিরা মন খুসী হত
স্বর্গ যেন সে বেত গো খুলি'!
তবু কি যে হাওরা জাগিত হঠাৎ
তবু কি বে তাপে দহিত কার
হার গো হার!

একা কেবা করা বছ করিছ डिक् त्रा बत्न अधावना : বৰু ভাৰিৱা কাছে বে এসেছে बूदन बादन दरदन वानामना १ इन्न त्याम वर्गाम शह. त्वर्ष त चांबात हिंगाउँ हरते, ছল আজি যোর কল্যাণ হেতু इरमब इक हन् छर्। क्षरतत मार्च पर्न त पार्छ শৃষ্ট লে হোর এ বন বিনে, আছে বে নরক সে তো স্থরিত बाँड शास्त्र रामिनी कि হাজার বাতির বাড় অলে তবু হরবের ভাতি নাই সেধায় হার গো হার!

পরাণ অলিছে বন্ধ চলিছে
ক্রন্সন ওঠে সংগোপনে,
অস্ত্ররে মোর ভাল ও মন্দ
মাতিয়াছে মেন মল্লরণে!
সহসা শুনিফু না বলি' না কহি'
চলে গেছে কোথা বন্ধু মম;

क्क राशीय श्लाव नृहोन् অজানা আঘাতে ক্রেকী সম। কাঁদিলাম, গালি পাড়িতে গেলাম, ভাবিলাম অক্লডক্ত প্ৰবে. আবার ভাবিছ,-সৰ সে বুঝেছে,-আমার মানি কি বালকে বোঝে ? গেল নাগালের বাহিরে চলিরা, ভাল হল ওরে মলিন হিয়া, বিলাসের মালা গাঁখিতে হল না (मर-मान निर्माणा निर्मा। জগতের চোধে আমি কল্মী. সে কি আজো অকলম্ব জানে ? মান মুকুরের ভাশর ভাগ ভাতিছে কি আজো তার নয়ানে ? মোরে জেনেছিল ওরু ভভার্থী; जुन १ -- जुन किना वना तम मात्र হার গো হার।

গেছে সে চলিয়া কিছু না বলিয়া

"মরিতে এখনো হলরে বাজে,
পাপে অব্জিত অর্থ আমার

লাগিল না কল্যাণের কাজে।

#### जुनित निधन

শৃক্ত জীবন শুক্ত ক্ষম কাঠ-মন্নিকা ক্লের মত

জীবং গত্ধ আছে যা' তা' সেই
তক্ষণের দান দেবত্রত।
দিবসের আলো কাঠ-বিবে ভরা
নালসা-বিলাস নিশির ভাষা,
কাঠ-মন্নিকা ক্লের বিতানে
কাট্-পিপ্ডেতে বেঁধেছে বাসা।
গানের মদিরা প্রাণ না পরশে,
মদিরার আলা নয়নে ভার;
হার গো হারণ।

তবু ধনী আমি, আমি রূপবতী,
আলাপ নিপুণা, হাস্ত-রতা,
রাজার সঙ্গে রাজনীতি কহি
পণ্ডিত সনে শাস্ত্র-কণা।
বণিকেরে মণি চিনিতে শিখাই,
বিলাসীর মন লীলায় হরি,
কবির সঙ্গে কাব্য-রঙ্গে
কবিতার পদ-পূরণ করি।
দর্শন পড়ি, ঘোড়াতেও চড়ি,
খড়ি পেতে জানি অঙ্ক ক্যা.

কানী-গুণী-কন-গুলন গুনি
চুখন জিনি' আনুজ-রসা।
তবু মিটিল না মমতার কুধা,
থেকের পিপাসা—নে কিলে যার ?
হার গো হার !

শোভিকার মন শৃক্ত ভ্বন,

একটি কি সেধা ফুটেছে হাসি ?

দিনের দেবতা! মার্জ্ঞনা কর

নিশীধের পাপ-চিন্তা রাশি।

মনের গোপনে চৈত্য রচিয়া

রেখেছি যে নিধি অপন মাঝে,—

সেই মোর বল সেই সম্বল

আমার আধার আলোকি' রাজে।

সেই অন্থর দিনে দিনে বাড়ি'

বিধারি দিবে কি বটের ছায়া ?

বেহের পিপাসা মিটারে আমার

বার্থ এ নারী-হিয়ার মায়া ?

শৃক্ততা আর সহিতে না পারি

ত্বম্ন হলর মমতা চায়,

হার গো হায়!

# অনাৰ্য্যা

কানাচ দিয়ে শাবক-হারা বিভাল কেঁদে যায়. কার বাছারে গুরুত্ত বেঁধে রাখ লে এরা হার। আমার চোধে ঘুম একনা, শুক্ত আমার কোল, 'মা' বোল আমার স্থুরিয়ে গেছে কচি মুখের বোল। ওরে বাছা। পরের ছেলে। নয়ন মেলে চাও, वनी जूमि, उर् अमन व्यापात यूम शां ? কাল যে তোরে ফেলবে কেটে, সন্দেহ নেই তার এই মুক্তবান্ পাহাড় পরে জ্বর অধিকার। সাত শো লোকের মালিক ক্রন্ত, ক্রন্ত আমার ভাই, সোমনতা যে ভুলুতে আসে রক্ষা তাহার নাই 📳 কটা রঙের উপরেতে ক্রছর ভারি রাগ, माय निव कि १ कठी ब्राइट क्लाइ जूँ हे जांग । তোমরা বাপু হুষ্টু ভারি,—তোমরা কটা লোক, काला लारकत्र बिनिखरा माथ वा रकन काथ ?

উড়ে এনে কন্লে ক্ছে পাহাড়-গুনীতে, বইল নাক' কিছু মোদের আগন বলিতে; পাহাড়-গুহার পুকিরে বেড়াই আমরা অনার্য্য, মোদের বত হক্-দাবী কেউ করেই না প্রাছ। উঠলে কথে আমরা দহ্য 'নিম্ন' হলেই নাস, কোনো দিকেই নেইক ভালাই, যে দিকে চাই ত্রাস। বফা ক'রে চল্তে গেলে চাকর হ'তে হয়, তার চেয়ে এই বয় জীবন ভালই স্থানিশ্র। সর্কানাশের তোমরা গোড়া, বাধাও গগুগোল, তোমাদেরি জয়ে আধি শৃক্ত আমার কোল।

সে আছ অনেক দিনের কথা, লড়াই ভরছর
বাধ ল আর্য্য অনার্যোতে, সাজল নারী নর;
আমার কোলে ছেলে তথন, রইফু গুহাতে
বুকের মারে বুকের নিধি আগ লে হু' হাতে।
দিনের পরে দিন চলে বার লড়াই না থামে,
বিব-মাথা তীর ছুট্ছে কেবল দক্ষিণে বামে।
পাহাড় পরে চিপির আড়াল টঙ্ সে সারে সার,
আড়াল থেকে আমরা মারি, থাইনে বড় মার;
হালাক্ হ'য়ে শক্র দিল আঞ্চণ পাহাড়ে
রাত্রে গুহার জমাট ধোঁরা চুক্ল আহা রে!

সেই ঘোঁরাতে মৃদ্ধা কখন গেছি গুমন্তে ছেলের খুঁজে পেলেম না আর মৃদ্ধারি জন্তে।

শোধ নিতে এর পণ করিল ক্রম্প্রামার ভাই;
আমার ছিরা শান্ত না হর, সাছনা না পাই।
বিন ছ'বিনে হঠাং ক্রছ—নেই কোনো কথা
ছুট্সুটে এক নামান ছেলে আন্নে একলা।
নুট্ ক'রে সেই সোনার নিধি আর্য্য-পত্তনে
সঁপলে আমার শুক্ত কোলে প্রক্রমনে।
ঠোটে আমার হাসির রেখা চোখের কোলে জল,
না জানি হার কোন্ অভাগীর প্রাণের এ সম্বল।

তক কোরার বর্বা নৃতন আগালে সোরগোল
তন্তে আবার পেলাম কানে মধুর 'মা' 'মা' বোল।
পরের ছেলে আগন ক'রে আনন্দে ভাদি,
'তাই' দিরে দে নৃত্য করে বাজার গো বালা।
দিনে দিনে বাড়ে দামাল ছলাল দে আমার;
ধ'রে বুনো চামরী গাই ছগ্ধ পিরে তার!
উচ্ ভালে টাঙাই কটি পাড়ে দে কেটে
এম্নি ক'রে তাগ শেখে আর কুষা তার মেটে।
কাল্যারে দে শীকার করে ধ'রে ধমুর্জাণ
ছেলের দলে দলপতি, ভারি তাহার মান।

এম্নি ক'রে চৌক বছর এসেছে গেছে,
ক্ত পিও লোরান্ হ'বে মরদ হরেছে!
ক্তর সকে শীকারে বার পুইতে সে বার গাঁ,
পুইতে থেতে বারণ করি বারণ মানে না।
আমার শবা বার বহি সে আর্থ্য-পতনে
চিন্তে পেরে রাখবে ধরে ঘোর জীবন-ধনে।
কিব্ব আমার ভাগো ছিল বিশুণ হাহাকার
পুটতে গিরে টুটল জীবন ক্রিল না সে আর।
ভাতির হাতে আতির বাণে প্রাণ দিরেছে, হার,
নাড়ি-ছেড়া নর সে, তবু, ভুল্তে নারি তার।

আজকে বাছা তোমার দেখে গড়ছে মনে সব,—
তেম্নি বরণ তেম্নি ধরণ, তেম্নি অবরব।
তোমার দেখে জাগছে আমার স্থপ্ত মমতা,
আঁথি জলে আর্ত্র কত বিশ্বত কথা।
পরের ছেলে ঘরে এসে দখল ক'রে কোল
বাধিরে গেছে পাহাড়-দেশে বিবম গওগোল।
বুচিরে গেছে আমার মনে ঘরের পরের ভেদ
কাঁদিরে শেবে পালিরে গেছে এই সে আমার খেদ।
তাহার কথা পড়লে মনে বাই ভূলে আর সব,
বাই গো ভূলে আর্ব্য-জাতির সকল উপদ্রব।

তার মৃ'থানি আগল মনে তোমার মৃথ দেখে
তাই বাঁচাতে চাই বাছারে ! বলির হাত খেলে।
তোমার গারে লাগ্লে আঁচড় সইবে না প্রাণে,
যাও চলে যাও রাতে রাতে ইচ্ছা বেখানে।
লতার বাঁথন দিইছি খুলে, মুক্ত শুহার বার,
চাল ডুবিতে বিলম্ব চের, শুহা কি তোমার !
কুকুর আমার পথ দেখাবে সলে এরে নাও,
শালা তোমার ছাগল-লোড়ার পিঠে বোঝাই দাও!
পাতা-ছাড়া সোমের ওাঁটা সোনার সমতুল
বত খুলী যাও নিরে যাও আন্ত আছে মূল।
শক্টিকা—থাক্ সে পড়ে শব্দ হবে জোর।
ছই ছাগলে বইবে তোমার বক্ত-লতার ডোব্।

তবে যদি ইচ্ছে করে—মনেতে হর সাধ
শকটথানি ভরে নিলে হর যদি আহলাদ।
তাই নে বাছা, মানা আমি করব না তাতে
আজ্ কে আমার সাধ হয়েছে ইচ্ছা পুরাতে।
দাও শকটে লতার বোঝাই পত্র ছাড়ানো
পড়লে ধরা শক্ত তোমার নরকো এড়ানো।
শাদা ছাগের শক্ট হাঁকাও ভ্রুত এ রাতে,
শহটে কি শক্ষা পূ আমি ধরব সে মাথে।

কথ লে কেছ এই বলিকেই বাবি রে বেঁচে,—

"ক্ষুর বহিন্ কুংসী আমার ছেলে বলেছে।"
কুকুর আমার বইল সাথে চিন্বে সকলে,
বাধতে সাহস করবে না কেউ তোমার শিকলে।
ভারের সঙ্গে বোঝাগড়া যা হব তা হবে,—
শৃশু জীবন মরণে ভর করে রা কবে ?
কুংসী কারেও ভর করেনা ভারি সে ভেজা,
(ওরে)
যাবার বেলা ভারে তমু 'মা' বোল্ বলে বা'॥

# পরিব্রাজক

হর নাই পাপ-দেশনার শেষ मञ्च-(वाधि-श्वामी। দাড়াও দাড়াও আমার পাপের निर्द्भनं कति श्रामि। কর্ম বাকের ওগো আচার্য্য। আমি পরদেশবাসী, আসিয়াছি হেণা বোধি-বুক্ষের मत्रमन অভিলাষী। যদিও শ্রমণ তবু পরিয়াছি গৃহীর, ভল বেশ, উপসম্পদা লইবার আগে করি পাপ নির্দেশ। চীন দেশ হতে যাত্ৰা করিয়া যাত্রী উড়পে চড়ি' আদিতেছিলাম হ'জন শ্ৰমণ वक्रे मर्र श्ट, मित्र।

#### পরিব্রাজক

ঝড় ছিলনাক, ঝঞ্চা ছিল না, আকাশ স্থনির্মল, নীল পাথারের শাস্ত বিথারে তরী ভধু চঞ্চ। দিনের অন্তে আদিতেছে নিশি, निनित्र चरक निन, তুঁত পাথরের বিপুল কৌটা नीत्न कोनिक नीन। কত বন্দরে লঙ্গর করি' আহরি' খান্ত পান বঙ্গ-সাগরে পৌছিল 'উড়ি' যাত্ৰীতে কানে কান। সহসা একদা হুৰ্য্যোগ এল মৃত্যু-যোগের মত, ভেঙে যায় বুঝি ঢেউয়ের পীড়নে উড় প ঝঞ্চাহত। মসীময় মেঘে জটা পাকাইয়া স্তম্ভ নামিল জলে, জীবন মরণ হিন্দোলা দোলে তুফানে নভন্তলে। তবু ডুবিল না ক্ষুদ্র উড়ুপ দুরে গেল কাল নিশা,

থামিল ৰাজ্যা; মাঝিরা দেখিল হারারে কেলেছে দিশা। বিপথে চলিতে ডোবা পাহাড়ের চুড়ার চিরিল তল, দেখিতে দেখিতে উড় প ভরিয়া डेडिड नाशिन बन । इ'न विस्तन रांबीत पन স্থার মারি তবে হকুষ করিল "বোঝাই ক্ষা মাল ফেলে দিতে হবে।" थनित्र-ताबारे नात्रित्कन ठानि' মারারা কেলে জলে ঝাঁপ দিরা তাহা ধরি কেহ কেহ সাঁতাৰে বুকের বলে! হাঙ্বে ধরিরা নইল কাহারে আসিয়া অতর্কিতে. তর্ক বচদা কারার রোল গোল ওঠে চারিভিতে। बन (मॅंहि' बन दोश नाहि योद्र, সহসা দেখিত্ব একি! আরেক উড় প আসে ক্রত বেগে स्मारमञ्ज विश्रम स्मिथं।

বাত্রীর দল করে কোলাহল বাঁচিবার ভরসার. যোৱা দোঁহে জপি' বুদ্ধের নাম পাথরের ছবি প্রায়। নৌকা ভিড়িল নৌকার গারে, আমাদের মাঝি তবে কহিল "চুজন শ্ৰমণ হেপার, আগে তুলে নিতে হবে।" এই কথা ভূনি দলী আমার শান্ত হু' আঁথি মেলি কহিল মাঝিরে "আমি যেতে নারি একটি প্রাণীরে ফেলি'. সব যাত্রীর ঠাই হয় যদি আমি যাব সব শেষে।" কহিল আমার সজ্ব-স্থহদ ভর-হারা হাসি হেসে। মনের আঁধারে জ্যোতি পেরু আমি ভনিয়া তাহার বাণী; মাঝি কহে "প্রভু, তোমারে বাঁচানো পরম পুণ্য মানি।" যাত্ৰী অনেকে মিলিয়া তখন মিনতি করিল কত.

£1.

অটল রছিল বোধি-রক্ষিত অটন গিরির মত। ভরা নৌকাটি দেখিতে দেখিতে ভরিয়া হইল ভারি. "আৰ হ'জনেৰ হ'তে পাৰে ঠাই বেশী লোক নিতে নারি।" আবার মিনতি করিল মাঝিরা তলিতে চাহিল কাঁধে: বাধা দিয়া মোর বন্ধ কহিল "ফেলিবি পাপের ফাঁদে ?" মাঝি কহে "দ্ব যাত্রীরই প্রার रन (य मःकूनान"; বন্ধ কহিল "দেখা যাবে শেষে,---সব শেষে মোর স্থান। জানিস্ নে তোরা ?...বৃদ্ধ আমার করুণার অবতার निश्रिण कीरतरत्र मुक्त ना रमि মন পুরিবে না তাঁর। নিৰ্মাণ-পদ স্বাই না পেলে নাই তাঁর নির্মাণ. তাই যুগে যুগে আনাগোনা তাঁর इव नाहे व्यवमान।

#### পরিবাদক

यात कीवत्मत्र मृना व्यक्षिक হ'ল কিৰে জাৰ চেৰে ? ভগ্ৰ তরীতে মোরে দেখা দিবে ভাঙা নৌকাৰ নেরে। বৃদ্ধদেবের উপাদক আমি গ্রাহ্ম করি না প্রাণ।" 'হার,' 'হার,' করে বাত্রীর দল माबिता मूश्मान। বদ্ধের প্রিয় ভক্ত তথন মোরে কহিলেন চুপে "একজন যাওয়া চাই বোধিমূলে চাই যাওরা কোনোরূপে। পূজা-উপচার আমাদের হাতে লোকে যাহা দেছে সঁপে পৌছিয়া দেওয়া চাই যে সে সব বোধি-তরু-মণ্ডপে। তুমি যাও ভাই ওঠ নৌকায় পূজা-সামগ্রী লয়ে।" বিপদে-বিমৃঢ় আমি তার পানে চাহিলাম বিশ্বরে। কহিলাম তারে "সে কি হ'তে পারে গ হেথার রহিব আমি.

ভূমি লয়ে বাও পূজা-উপচার ওগো নিৰ্বাণ-কামী।" **उर्क तिलाह इहेबाम, हांशा** तोका छतिए करन : মাঝিরা ডাকিছে, আকুল পরাণ ওমরিছে হিরা-তলে। শেষে কহিল সে "এরা ভো বণিক নেমে বাবে ঠাই ঠাই তীৰ্থ অবধি বাইতে বন্ধু তুমি ছাড়া কেহ নাই। ইহাদের সঁপি পূজা-উপচার হৰ কি পাপের ভাগী ? আমি কীণ; পথে মারা বেতে পারি. বনের অমুরাগী। যাও তুমি।" আর ঠেলিতে নারিত্ব উঠিম ভরীতে গিয়া. আব্যুদার এ আত্মারে মুম শত ধিকার দিয়া।

বিশ্বাস কর, উঠিস্থ ভরীতে, ছিল বা প্রাণের স্পৃহা ;

#### পরিব্রাক্তক

মনে প্রবোধিযু---পূজা-সামগ্রী-कर्तरा त हैश--পৌছিয়া দেওয়া বোধিমগুণে নহিলে সভাহানি,-লোকেদের কাছে,--বারা দেছে সব (माम्बर धत्रमी मानि'। উঠিমু তরীতে মন্থর পদে মান মুখে নতশিরে মরণের মুখে এড়িয়া আমার मागत महीदित । নাই তিল ঠাই নুজন উড় পে पूर् पूर् सन करत । नवात मृष्टि नच এখन ভগ্ন তরীর 'পরে। সকলেই প্রায় এসেছে এ নায় वकु आरम नि सम्, চেউ নাচে ঘিরি ভগ্ন তরণী मुख भागान मन। निर्द्यंच नछ, रुपा शनितक, शीत शीत जड़ी छात. ধিকারে মন বিরস আমার বিষাইয়া উঠে ক্লোভে।

চেউ চলে ভাঙা তরী ডিঙাইরা জনে পরিপুর করি', তব্ অবিচল বৃদ্ধ-ভকত অবিতাভ দেবে সরি'।

হাহাকার করি' উঠিল সহসা মাঝিরা ব্যাকুল হ'রে গেছে ডুবে গেছে ছিন্ত তরণী বৰুরে মৌর লরে। সেই ছবি আমি চকে দেখেছি মরিতে পারি নি সাথে. বছ বরষের দোসরে সঁপেছি তরঙ্গ-সভবাতে । বিশ্বাস কর তোমরা স্বাই निस्त्रद मिसि काँकि, বাঁচিবার লোভ ছিল তলে তলে मनरक र्काइडि चाँथि। ছিল মনে মনে তীর্থের লোভ हिन म लाएउ हन,-লোভ--দেশে লয়ে যাইব বোধির ৰৱা পাতা ৰৱা ফল,

পাব প্রশংসা ইহলোকে আর
প্রা সে পরলোকে,—
এই সব ছিল মনের গোপনে;—
পড়েনি মনের চোথে।
বাঁচাতে হর তো পারিভাম,…বেশী
চেষ্টা করিনি তবু;
বাঁচাতে পারিনি,…এ শোচনা মোর
জীবনে বাবে না কভু।

নীল পানি ছাড়ি নৌকা ক্রমণ
পৌছিল কালাপানি,
কাল বাাধি দেখা দিল নৌকায়,
পীড়িতেরে কলে টানি'
চাহিল সকলে কেলে দিতে, রোগসংক্রমণের ভরে;
ব্যাধিতের সাথী কবিল তা শুনি'
কিছুতে সে রাজী নহে।
বেশী বকাবকি করিতে, শুনিছ
কহে দে দৃঢ়বরে
"হতখন দেহে প্রাণ আছে ওর
রাধিব নৌকা পরে.

ও আমার বহদিনের ভূতা वक् वनित्न इत्र ; জ্যান্ত থাকিছে জলে ফেলে দিব ? আমি তো শ্রমণ নয়।" আমারে লক্ষ্য করি' সে কছিল; ধিক ত আমি, হার। চকু খুলিল, বন্ধুখাতীর গোপন স্বরূপ ভার। ভূত্যের লাগি' এ যাহা করিছে আমি দোসরের তরে করি নাই তাহা, ক্তক্ত আমি মানিতে ক্ষয় ভরে। লয়ে প্রব্রজ্যা পশিত্র যথন শ্ৰীমহা-সঙ্ঘারামে, তারে পেরেছিত্ব দোসর আমার কামী নিৰ্কাণ-কামে। অকূল সাগরে ভেলার ভাগটি সে মোরে দিয়েছে ছেড়ে. আমি মহাপাপী, শোচনার শেল কলিজা ফেলিছে কেড়ে। এই আমি, হায়, সজ্বে থাকিতে পথের পথিক এনে

রোগের চর্য্যা করিরাছি দেবা मन्त्र कृष्ट् स्पत्न, ঝড়ের সমর বাহির হতাম না মানি বাজের হানা. যতনে বাঁচাতে ৰডে নীড-হারা অপটু পাথীর ছানা। করুণা-ধর্ম-অবতারে শ্বরি বডে-ভাঙা ডাল বত আনিতাম ৰহি' প্রম যতনে আহত জীবের মত;---রাথিয়া দিতাম সলিল-কুণ্ডে সরসি' পুশ্প-পাতা সাধ্য-মতন করিয়াছি আমি মোচন তাদেরও বাখা। শেষে আমা হ'তে হ'ল এই কাজ! राय त्व माक्न रिया। শোচনায় নিজ খাঞা চিবালি অঞ আপন পিয়া।

ত্বু চিরদিন হেন উদাসীন ছিল না আমার মন,

# जुनित निधन

দোসর তথন প্রাণের সোসর ভাই হ'তে দে জাপন। वकुरत यात्रि वक् कानि नि জেনেছি মনের মিতা, সখা थर्नत्र एक किनाम আৰু ব্যাইব কি তা' ? ছিল প্রেমিকের আগ্রহ তার প্রেমিকের অভিযান: তফাৎ ছিল না প্রেমে ও সংখ্য. मधा स्थामात श्रीण। তবু ভাল নম্ন বন্ধ-ভাগ্য, যাদের টেনেছি বুকে সাপের মতন দংশন করি' গেছে অমান মুখে। বণিকের কুলে জন্ম আমার. আমার ভাগ্যোদয়ে দূরে সরে গেল কপট বন্ধু त्रेशांत कामा नरा। মিথ্যা আচার কেছ বা করিল. ফাঁকি দিতে গেল কেহ. মনে হ'ল শর-শধ্যার মত कीवन,-वर्जा-त्रश् ।

ভালবাসিলাম, অন্তন্ধ স্থা উলাড় করিরা দিরা, মনে হ'ল মন তালা হল তার নরন-কিরণ পিরা। একটি চাহনি লাখ টাকা গণি, একটু গোপন হাসি মণি-বণিকের শ্রেষ্ঠ মাণিক হতে সে অধিক বাসি। পূজার অর্ঘা সঁপি' তারে হই বেশী খুসী ভার চেরে; নিজের বাহিরে অন্তল ভৃপ্তি,— অমৃতে উঠিছ নেরে।

হ্বাংহো নদীর সেতুর নিমে
হ'ল সক্ষত-ঠাই,
মিলনের বেলা বরে বায়, তব্
প্রেরদীর দেখা নাই!
নদীতে জোয়ার এল অলক্ষ্য
ফুলিয়া উঠিল জল,
তব্ দাড়াইয়া তাহার আশায়
ররেছি অচঞ্চল!

ডুবে গেল কামু, ডুবিল কোমর বিখাস বলে ভবু,---আসিবে! আসিবে! ভাল বে বেসেছে মিছা সে বৰে লা কছু। সহসা অদৃরে নৌকার পারে तिथिष्ट तारे ता मात्री, নূতন বন্ধু সঙ্গে চলেছে মশ্ওল্ তারা ভারি ! আমারে দেখিতে পেল না, কিন্তু আমি দেখিলাম সব, আহত সদয় নিমেৰে ছেবিল ছলনার তাওব। উদাব প্রণয় সব ক্রটি সম সহে না মিখ্যাচার. প্রেমে যদি লাগে ছলের বাতাস তথনি মৃত্যু ভার। বাহির হইমু সংসার ভালি' পরি বিরাগের বেশ, नहे तक, दहे दानव, वास्त्र-स्त्रा (क्रम् । সক্ষে পশিন্তু পাশবিতে যত बीयत्नत्र जुनकृकः

#### পরিব্রাক্তক

মন তবু, হার, অনুরাগে রাঙা;-ভাবিত্ব লীবের তথ-করিব মোচন সাধা-মতন वृष्टि गटक्यत बाद्ध, লভিব তৃথ্যি অনঘ-দীপ্তি আডুর সেবার কাজে। ছড়ায়ে দিলাম অনেকের মাঝে প্রাণের মমতা স্নেহ, কেন্দ্র-বিহীন প্রেমের চক্র নর আরামের গেহ। ব্যক্তি-বিহীন প্রেমের চর্চা নর গো সহজ নর অনেকের দাবী পুরাতে কুরার कारत्रत मक्या আমার হাদর-পাত্রটি ছোট অৱ তাহাতে কগ্ একের তৃষ্ণা হর তো মিটিত বছতে সে নিম্বল। বাধার চর্যা করিতে করিতে ব্যথিতেরে গেমু ভূলি' মনে মনে মন গুকাল কৰ্ম.-इ'रत शंग राम श्री !

মূক হ'বে গেছু মৌন-দেবার कीवत्वत्र वावशात्व, কোনো সুখ ছখ উৎস্কু যেন করে না ডেমন প্রাণে। সব উচ্ছাস-প্ৰকাশ নিরোধি' বেঁচে আছি উদাসীন যারে মেহ করি প্রকাশ-অভাবে সেও ভাবে স্নেহহীন। কে যেন কুছকী করেছে উদাস উদাসীন মস্তবে বাহিরে ভক্ষ ভূষণ আমার অমুরাগ অস্তরে। প্রকাশিতে নারি প্রাণের আকুতি জীবনে আমার ধিক, মুনি হ'তে গিয়ে বিমৃঢ় হয়েছি এমনি হওয়া কি ঠিক ? শ্রমণের রীতি মনটিকে করা সুখে ছুখে অবিচল,--কুশল প্রশ্নে নাই অধিকার,---সে বিধির এই ফল। তার ফল এই আমার মতন কুৰ্ম-কঠিন মন,

#### পরিব্রাক্ত

তার ফল এই অভি নিদারুণ বন্ধু বিসর্জ্জন।

কূলে পৌছেছি, ভারতে এসেছি, এদেছি তীৰ্থে মৰ, পূজা-উপচার বহিন্না এনেছি ভারবাহী বুব সম। তীর্থে এলাম, তবু এ মনের গেল না মনস্তাপ, मार्जनाशैन माक्न कठिन এ ছর্জনের পাপ। ठत्क (मिश्रम् भूग) वृक्त গেলনা মনের ব্যথা, কী হবে আমার ত্রি-চীবর বাস বন-খেজুরের ছাতা ? সান্ধনা শুধু-পালাস হয়েছি গুন্ত ভারের দার। উপাসক হত পাঠায়েছে পূজা পৌছিরা দিছি তার। রড-থচিত ভিক্সা-পাত্র চীন-ভূপতির দান ;

### ভুলির লিখন

'(ठ-भा'—होनमाना—हव्यन-(त्रप् পাঠারেছে লুন্-সান্। শোভন চো-চীন-চীনা লঠন, ছ-মুখো মোমের বাতি, মহাথেবদেব কটিপট এ পাঠানেছে চীনা তাঁতি। ভূঁ ত্ৰ-পাথরের কোটা, কলস, ভিকু-হাড়ের বাশী, কারু-কাব্রুকরা দাকুময় পাথা আনিয়াছি রাশি রাশি। উপাসকদের ভক্তির দান এনেছি মাথায় করি',--কোণা তম্লুক্ কোণা বোধ্-গয়া সকল কট বরি'। তবও হয়নি প্রায়শ্চিত্ত, পাপে বিমলিন আমি. ওগো প্রভু! মহাসভবরাজন ! সভ্য-বোধি-স্বামী। বন্ধবাতী এ বিদেশী পাতকী. পাতকে বিদ্ধ হিন্না, উপসম্পদা কেমনে লইবে বোধিতক্রমূলে গিয়া ?

#### পরিব্রাক্তক

পাপে বিম্নলিন মৈজীবিহীন মনিন হৃংখে শোকে, ধাকু-গর্ভ ও ক্তু প পবিত্র দেখিতে পাব কি চোখে ? স্থগতের পূত দস্ত-ধাতুর সমুখে বাবনা আমি, দগ্ধ হইব—পরাণে মরিব— সক্ত-বোধি-সামী!

# বাজ্ঞবা

বার্থ হ'ল, পণ্ড হ'ল সব, হত প্ত্র, বিনষ্ট গৌরব; ইহ পরকালে পরাভব।

কোন্ হত্তে প্রবেশিল পাপ,— নাহি জানি কার অভিশাপ, মন প্রাণ দহে মনস্তাপ।

ছর্ভিক্ষে করিয়া অরদান বেড়েছিল যে বংশের মান আজি তার সব অবসান।

দক্ষিণান্ত হ'ল না যজ্ঞের, হার! কিবা প্রায়শ্চিত এর ? হদে অলে আগুন ক্ষোভের। ক্লছ অতিক্লছ করি কত আপনারে করেছি সংবত তবু বার্থ হয়ে গেল ব্রত।

হোতা, পোতা, উল্নাতা, নেষ্টার রক্ষিবারে নারিল চেষ্টার ; স্বেচ্ছা হানি,—গুধু শানি, হার।

অলক্ষিতে কোন্ যাতুধান যজ্ঞে মোর করে দৃষ্টি দান ? ক্রব্যাদ করিল হবি পান।

চিত্ত দহে, শাস্তি কোথা পাই ? শাক্ৰ ভথি', অশ্ৰুজন থাই, অ-নন্দ নৱকে মোর ঠাই।

অশ্রপৃষ্ট মন্থ্য মোরে গ্রাসে, সহআক্ষ কন্দ্র হরে আসে, মজিমু মজিমু সর্বনাশে।

বালক ! অপ্রাপ্ত-প্রজনন ! নচিকেতা ! বংশের নন্দন ! কেন তুই হইলি এমন ?

কেন বোৰ জাগালি আমার—
বুণা প্রশ্ন তুলি বারম্বার ?
বজ্জগৃহে বাচাল ব্যাভার !

যজ্ঞে মোর ছিল অথর্কন,—
সে তো কিছু বলেনি বচন ;
তোর একি কাণ্ড অশোভন ?

হার! হার! ঔরস সস্তান তো' হ'তে হইমু হতমান; বার্থ বজ্ঞ, কর্ম্ম, কাণ্ড, দান।

অভিমানী! মরিলি আপনি মোর কটু বাক্যে ছংখ গণি; হদে শল্য অপিলি বাছনি! মহাযাগ করি অস্থর্চান ইচ্ছা ছিল লভিব সন্মান রাজা সম পুণ্য-কীর্দ্রিমান।

ব্রান্ধণের যশোভাগ্য ক্ষীণ বাক্যে তোর শৃন্তে হল লীন, লোকমাঝে ইইন্থ রে হীন।

"বুড়া গরু দিরে দক্ষিণার পুণ্য কেনা যার না সন্তার !" "মরি এবে মরি যে লক্ষার।

রাজোচিত নহে মোর মন নাই নাই দাক্ষিণ্য তেমন, আমি বিপ্র ক্লগণ-কোপণ।

সন্ধিন্দ চণ্ডাল নিজ কোপে,— নিশ্ব তির অঙ্কে তোরে সঁ'পে, হাহাকারে মরি বংশলোগে।

# ভূলির লিখন

মন তোর কোন্ দূরে ধার, ফিরে আর, ওরে ফিরে আর, পুশকান্তি ঢাকে কালিমার।

ওগো বৃদ্ধি! শমী-সমূখিত! বিহাদঘি-সঙ্গে-সন্মিলিত! হব্যে মোর হওনি কি প্রীত!

সম্ভানের প্রাণদান চাই ওগো বন! নিরমের ভাই! আশার দিয়ো না মোর ছাই।

রোষ-বশে বলেছি বে কথা ভূমি জান কী তার সভ্যতা, ভাবগ্রাহী হে মোর দেবতা!

মোর বাক্যে পুত্রে নিলে মম ! সত্যবাক্ নহি আনি, ক্ম, মিখ্যাচারী আমি বে অধম।

#### বাদ্ধাৰ

বুড়া গৰু দিয়ে দক্ষিণাতে সপ্ত হোতা চেবেছি ঠকাতে; বন্ত্ৰধর বন্ত্ৰ হান' মাথে।

হে ইক্র ! সমাট দেবতার ! সোমসিক্ত শক্রতে তোমার ব্রাহ্মণের ঝরে অক্রধার ।

ওগো কর ! সন্ধ্যা-মত্র-কচি! শোকে দহি চিত্ত নহে শুচি, শেষ মানি লও মম মৃছি'।

উন্ধনাসা! ওগো যমদৃত! হে লুক্ক ! কুকুন অন্তুত! ফিন্তে এনে দাও মোন হত।

পূত্র মম নরন-নন্দন, পূত্রে মোর পুণোর লক্ষণ; সে আমার নরক-মোচন।

সে নিম্পাপ, নাহি গ্লানি লেশ, সত্যপথ করেছে নির্দেশ; কেন যম ধর তার কেশ ?

ওগো বহু ! ওগো মরুদগণ সবে মিলি' ক'র' না পীড়ন, হব্যদাতা আমি গো ব্রাহ্মণ ।

সোমলতা বহিতে যে লাগে—
বৃদ্ধ সেই বাদ্ধীনস ছাগে—
যে করিয়া বধে সোমযাগে—

তেমনি কি বধিবে আমায়
, খাস কথি' মুষ্ট্যাঘাতে ? হায় !
সবে মিলি' শত বন্ধণায় ?

নষ্ট পুণা, পুত্রশোকে ঝুরি, অগৌরব বক্ষে হানে ছুরি, অমুতাপে খার মোরে কুরি'। ওগো সোম! অমর্ক্ত আসব! বাসনে যে ডুবিল উৎসব; বার্থ হ'ল পঞ্চ'ল সব।

উন্নপা! আজাপা! পিতৃগণ! উষ্ণ অশ্রুসনিলে তর্পণ করি আজ হঃথাকুল মন।

পুত্র মোর কোন্ পাপে হার পিতা-আগে পিতৃ-লোক পার ? ফিরে তারে দাও করুণায়।

ত্রত ধরি' করি' উপবাস মিটারেছি গণ্ডূবে তিরাব। অনশনে অশন বাতাস।

একাহারে গেছে কতদিন, কতদিন অন্নজগহীন, তবু পাপ হয়নি কি কীণ ?

জন্ত্রান্ত করিছে মোরে শোকে,— পুদ্র সম কাঁদি,—দেখে লোকে, প্রাবণের ধারা ছই চোখে।

নরকে অ-ননলোকে বাই, পুণা নাই-পুত্র মোর নাই, নাই কীর্দ্ধি-টুটেছে বড়াই।

যজ্ঞে দিয়ে অশ্রদ্ধার দান এ কি শান্তি হ'ল গো বিধান— এক পাপে তাপ অকুরান্!

# রাজ-বন্দিনী

বহিন্! তুমি কাঁদিতে পার, তোমারে আমি করি না মানা, আমার হিয়া ৩ক আজি, আমার আঁখি কাল্লা-কানা। সিত্বপতি দাহির রাজা, তাঁহার মেরে আমরা দোঁহে, সে কথা তুমি ভূলিছ, হায়, তুচ্ছ তব প্রাণের মোহে ? কী প্রাণ লয়ে রয়েছ বেঁচে সে কথা কেন যেতেছ ভূলে, বনীক্লত, দেশচ্যুত, ভরসা আশা নাহিক মূলে। পড়ে কি মনে সিদ্ধ দেশ ? পড়ে কি মনে পিতার গেহ ? পড়ে কি মনে দেশের শ্বতি, ভারের প্রীতি, মারের স্লেহ 📍 পড়ে কি মনে যোদ্ধ বেশে ভান্নের নারী রাজবধুরে ? নির্বাসিতা। এখনো তোর প্রাণের মান্না শত্রুপুরে ? বহিন! মোরা জুর্ভাগিনী, নহিলে কেন এমন হবে ? যুদ্ধকালে পিতার হাতী অহেতু কেন পালাবে তবে ? রাজার হাতী পালায় দেখি পালাল সেনা আতঙ্কেতে. গণ্ডগোলে পণ্ড সবি: ক্ষেত মেরে কে লড়াই জেতে? আহত রাজা ফিরান হাতী, কি হবে তাহে ? ভাগা বাম; অহেতু আহা অগৌরবে ডুবিরা গেল হিন্দু নাম। ভাঙিয়া গেল দেউল-ধ্বজা, মরিল লোক অসংখ্য, ডুবিয়া গেল রাজ্য রাজা, রহিল শুধু কলঙ্ক।

### जुनित निधन

আমরা নারী অন্ত্র ধরি কথিত্ব অরি দিন হ'দিন, বহিন্! তাহা মনে কি পড়ে ? হর্গ মাঝে পাছহীন তবুও মোরা খুলিনি হার সিদ্ধুমক-সিংহিনী, আজিকে তোর মরিতে ভর ? হার গো লাজ, বন্দিনী!

মনে কি পড়ে কাসিম শেষে বিপুল-ধুরো দুরন্দাজে হুৰ্গ ভেঙে বন্দি করি লইল সবে শিবির মাঝে ? মরিতে মোরা চাহিয়াছিম ধরম-ভয়ে অবলা নারী, ভাগ্যে আছে অক্সবিধ, মোরা কি হায় মরিতে পারি ? বিদেশ দেখা ভাগ্যে ছিল তাইতে বুঝি কাসিম আলি পাঠান প্রভুত্তক জীব প্রভুর পাশে তেটের ডানি। याति व वीव्रथनाव थुनी हिन तम मतन वीर्यानन हरूम मिंग जारे तम कड़ा "इग्र ना रान व्यमनान। এদের দোহে পৌছে দেবে দামাস্কাদের রংমহলে রাজার মেয়ে ইহারা রাজভোগ্যা তথু ভূমওলে। বহিব আমি হিন্দুত্মে, বহিব হেথা পড়িয়া কারে, করিতে হবে সায়েস্তা যে নৃতন এই মহলটারে।" উঠিল ডেরা চলিমু মোরা ভারত ত্যক্তি জন্মশোধ. সময় হাতে পাইনু বলি ছথের মাঝে হর্ববোধ। উটের পিঠে উঠিত্ব হায়, তিতিয়া দোহে অঞ্জলে প্রতিশোধের শুপ্ত ছুরি রহিল ঢাকা আভিয়া-তলে।

হজুরে ববে হাজির হয় কালিফ ছাঁটা-মোচ মুচড়ি कामिन किया ভाषिन, इस्म नहेन चून हास्त्र किए, বঝায়ে দিল ইঙ্গিতে সে. 'থাসমহলে মোদের ডেরা'. অপমানের আসন কিবা রয়েছে পাতা আরাম-দেরা। শিহরি যেন উঠিল তমু, বুকের ধারা গেল সে থামি, অভুচি যেন নিশাদে তার অধীর হয়ে উঠিফু আর্মি। মিথ্যা বলা শিখিনি কভূ, কে যেন মোরে বলাল তবু সম্ব-খোলা হু'হাত জুড়ি' কহিত্ব তবে "থামিন ! প্রভূ! আমরা নহি যোগ্য তব ;— কি বলে করি আর্জ্জি পেশ : প্রভুর ভোগে লাগে কি কভু ভূতাজন-ভূক্তশেষ গ আমরা নারী, সরমে মোরা সকল কথা বলিতে নারি,---হু:সাহসী কাসিম মিঞা, সাহস তার বেড়েছে ভারি, সিম্ব-জরে গর্বিত সে, আগে সে ভরে নিজের পেট, অধিক আর বলিব কিবা ? বলিতে মাথা হর যে হেঁট। দিন্ধ-জন্মে গৰ্কিত দে, একে সে যুবা, প্ৰবল তায়, রপের আগে লোলুপ হিয়া প্রভুর দাবী ভূলিয়া যায়।" কামডি' দাডি' দম্ভে কোভে কালিফ কহে গৰ্জি তবে "চাকর দাগাবাজ হয়েছে, উচিত সাজা ইহার হবে।" উজীর! আনো হকুমনামা, পাঠাও চিঠি সিদ্ধু দেশে— কাসিমটারে দিক পাঠারে আমার পারে বন্দী-বেশে। কিম্বা…হা। হা। …তাহার চেরে সিঞারে কাঁচা গোচর্মেতে मिक् शांठीत्व शांठत्व मम धिक-बीवित्छ व्यान ना त्यत्छ :

## जुनिक नियन

শীর সে কাঁচা-নিন্ধি-দোতী—কাঁচার স্থা তাহার আজি ;
তকারে কাঁচা বরিলে এঁটে কাঁচার মজা ব্রিবে পাজী।"
তক হরে রহিল সবে প্রতিবাদের সাহস নাহি,
বিক্বত করে বিকট মুখ মোদের পানে বক্র চাহি।
আমরা দোহে মহোল্লাসে জরের আশে পরস্পরে
নীরবে হেরি উজল চোখে, বহিন্ তাহা মনে কি পড়ে ?

অবলা করি গড়িল বিধি, তাই নারীরে দিল সে ছল,
বল নাহিক বাছতে বার তাহার চির ছলনা বল।
কহিন্ত কি যে করিন্ত কি যে ভাবিয়া ঠিক করিনি আগে,
বাঁচিয়া গেয় লালচ্-আঁচে এই কথাটি চিত্তে জাগে।
ভাতিবে কোথা ইচ্ছা মম স্বয়্যব্যে মাল্যরূপে,
তাহা না হয়ে রাজার মেয়ে ড্বিব কার কামের কূপে ?
বাঁচিয়া গেয়, বাঁচিয়া গেয়; কে কোথা মরে ভাবিতে নারি,
সত্যে আমি প্রণাম করি, মিথ্যা মম লজ্জাহারী।
মিথ্যা হ'ল মুক্তিদাতা, মিথ্যা হ'ল ভরত্রাতা,
সত্য আছে হাত গুটায়ে, আছে কি নাই জানিও না তা।
সত্য কিবা ? মিথ্যা কিবা ? দেবতা কই ? ধর্ম কোথা ?
গাধার পিঠে কাসিম মবে মেছে দেশে পাঠাল সবে,—
চারিটা করে' আছে তো হাত, কথিতে কেন নারিল তবে।

দেউলে ধ্বকা পড়িল টুটে, ববন ছুঁল বিগ্রহে রে,—
দেউলে বদি দেবতা থাকে এ অনাচার কেমনে হেরে ?
হাতীর ভূলে ভূবিল জাতি, অর্থ এর কোথার মেলে;
বহিন্! তুমি কাঁদিতে পার, আমি তো বাঁচি মরিতে পেলে।

সত্য গেছে অতলে ডুবে, মিণ্যা সে যে হয়েছে জয়ী, দেশের রাছ কাসিম মৃত, আজ মরিতে কাতর নহি। থবর দিল কালিফ নিজে ; উঠিমু হেসে ; হাসিব নাক' ? कहिन्न "मिका! मूर्व जूमि, नाजीत আগে की वन ताथ? নিরপরাধী কাসিম আলি, ছোঁয়নি মম কেশেরও কণা. তারে নিহত করিলে তুমি ? বুঝিতে নার প্রবঞ্চনা ? কেমন ক'রে রাজ্য রাখ ? রাজন্! তুমি মূর্থ অতি; কাটিলে নিজ ডাহিন বাছ; বিধাতা বাম তোমারও প্রতি।" ক্ষেপিয়া গেল কালিফ যেন কঠোর মোর টিটকারিতে. তৎক্ষণাৎই হুকুম দিল হাতে ও গলে শিকল দিতে। ঘোড়ার ল্যাজে বাঁধিয়া দোঁহে সেই ঘোড়া সে ছুটু করাবে, চূর্ণ হবে অস্থি যত পথের ধূলে পরাণ যাবে। এই তো সাজা! রাজার মেয়ে! পথে জীবন যাবে টুটে; মোদের লোহে মরুভূমের ধূলে গোলাপ উঠ বে র্কুটে। আমার তাহে হু:খ নাহি, বরং খুদী আমার মন, অনিচ্ছারি সোহাগ চেরে শ্রের মরণ-আলিঙ্কন।

বহিন্! তুমি নেহাৎ ভীক্, মোছ তোমার চোথের জল,
শক্র শুধু হাস্ছে দেখে, এখন কেঁদে কি আর ফল ?
কার করণা চাও জাগাতে শক্র-পুরে নিঃসহায়,—
বাইরে তব হুর্জলতা প্রকাশ করে' কি ফল হায়!
মরিয়া গেছে পিতার অরি মোদেরি কূট কৌশলে;
জয়ের মালা মাথায় পরে' চল মরণ পার দ'লে।
বহিন্! তুমি হুদ্দ বাঁধ হিন্দু-রাজনন্দিনী,
মরণ জিনে মরিব মোরা সিক্ন-মর্ক-সিংহিনী॥

# যশ্মন্ত

আমায় এরা পাগল বলে, কয় গো দেওরানা ! শাহান শাহা। আসতে ব'লে আজ কেন মানা ? গরীব আমি ছিলাম খুদী গরীব-আনাতে, তোমার কাচে নিজের কথা যাইনি জানাতে। অভ্র কাঠের কয়লা দিয়ে পথের হু'পাশে প্রাচীর-গায়ে পট আঁকিতাম, ছিলাম উল্লাসে। হাওদা হ'তে দেখতে পেয়ে থামালে হাতী মেহেরবানী বহুৎ তোমার মোগলের নাতি। নক্সা দেখে আপনি তুমি তুষলে বখুশিশে, দেওয়ান-থাসে ঠাঁই দিলে হে গুণীর মজলিসে। তুলির থেলা দেখে 'সাবাস্' ওস্তাদে বলে আদরা দেখে আদর ক'রে ঠাঁই দিলে দলে। এঁকে দিলাম তোমার ছবি দরবারে এসে নও রতনের সভার মাঝে দরবারী বেশে। আমায় তুমি সঙ্গে ক'রে দরবারে দাও বার, নকা দেখে নকা আঁকি বেগম-সাহেবার। হঠাৎ কে কি চুক্লি খেলে আমার আড়ালে, চুক ছিল না হায় গো তবু শিক্লি পরালে !

আয়ী গো! তোর পায় পড়ি গো, শিক্লি দে পুলে আঁক্ব না তোর বরের দাড়ি আমি আর মূলে।

পর্দা-নিশিন্ বাদশাজাদী রংমহলে বাস,
তাতার নারী ভার পাহারা হাব দী ক্রীতদাস।
নক্সা নিজের আঁকিরে নিতে হ'রেছে তার সাধ,
ঠোঁট ছটি 'মিন্' আল্তা-লেখা, চোধ্ছটি তার 'সাদ্'।
বাদশা বলেন যাও, 'বশোমস্থু! বিধাসী তুমি,'
খুসী হ'রে করি সেলাম স্পর্শিরা ভূমি।
হজ্র বলেন "বাদশাজাদী থাক্বে ঝরোথায়,
নীল যম্নার পড়বে ছারা,—দেখ্বে ভধু তার।
ছারা দেখে আঁকবে ছবি বরণ-ভূলিতে
পারবেনাক উপর পানে নরন ভূলিতে।
ধেরাল রেখ, দেখ যেন হর নাকো ভূলচুক।"
আমি তাবি, না জানি তার কেমন মিঠে মুধ্!

জলের ভিতর পোস্তা-গাথা বুরুজ্ উঠেছে।
শিলীজনের স্পর্শে শিলার পূপা ফুটেছে।
নৌকা আমার লাগ্ল এসে প্রাসাদমূলেতে,
জলের কলভাষণ শুনি মনের ভূলেতে।
দোলা দিয়ে জল চ'লে বার নারের ভূপাশে
কোন্ সে পরীর পরশ-মদে তরল রূপা সে!

আচৰিতে পদা সরে অন্ধ করোধার,—
পারিজাতের পুশা কুটে বন্ধে বমুনার !
আয়না ধরি' নৌকা প্রারে দেখ্ ব কি তারে ?
জলের ছারার তিয়ার কারো মিট্তে কি পারে ?
আফসানিরা কাগজ সে কই ?—সোনা-ছিটানো ?
নীচু মাথা ঝুঁ কিয়ে পাগল ! কী তুলি টানো ?
ফিস্ফিসিয়ে কয় কে কানে—রূপ কি স্কর্লত !
উপর পানে দেখ্রে,—না হয় বল্বে বেরাদব ।
বিভাতে দিল্ চম্কে গেছে—ফেলেছি চেয়ে!
লুকিয়ে গেল বাদ্শাজাদী আলোয় দিক্ ছেয়ে!
কুক্স স্বরে সেপাই হঠাৎ হাঁকে 'বর্ষদার !'
আফ্শোষে হায় হলম শুকায় সংজ্ঞা নাই গো আর ।
নীচু মাথা নীচু করেই এসেছি ফিরে।
তুলির লেখা লিখ্তে আমার বুকের ক্ষিরে।

পথে পথে বেড়াই ঘূরে দরবারে না বাই,
বেথার খুনী 'বাদৃশাজাদী !' 'বাদৃশাজাদী !' গাই !
বাদৃশাজাদী কেবল আঁকি মনের ধেরালে,
হর্গ-ভিতে দিল্লী জুড়ে পথের দেরালে।
এই কন্তরে বাদৃশা ! আমার শিকল পরালে
বাজ পাখী হে ! করলে জথম্ খাম্থা মরালে।

আন্মানে চাঁদ সবাই দেখে বারণ নাহি তায়
দেখ লৈ চোখে চাঁদের মালিক শিকল না পরায় ।
চাঁদের পানে চাইতে আছে বাদ্শাজাদী গো !
তোমার পানে চাইতে মানা, তাইতো কাঁদি গো ।
ভূমি চাঁদের চাইতে ম্দ্র মুখার পেয়ালা !
চাঁদ উজলে জ্নিয়া, ভূমি দিল কর আলা !
তোমার আমি আঁক্ব কোথার মলিন মরতে,
আঁক্ব তোমায়, দেখ ব আমার প্রাণের পরতে ।
চুলের ভূলি চোঁচের ভূলি ছুঁইনে আঙুলে,
কাঠবিড়ালীর মোচের ভূলি ধরিই নে মূলে ।
হাতীর দাঁতে কাঁচকড়াতে আঁকব কিবা আর
দিল্লী জুড়ে দিলের খবর বাক্ত দে আমার।

চাঁদের কোণা ! দেখব তোমার, পালিরে যেরো না, মনে লাগে, অমন করে জান্লা দিয়ো না । তুমি আমার মনে মনে ভাবলে নীচুণ ছি ! কোমল মনে এমন দারুণ ভাবতে পার কি ? মাসুর বড়! মাসুর ছোটো ! এম্নি কি ছোটো ? তোমরা না হর পটের বিবি, আমরা সে পোটো । পাথোয়াজে সাজ পরানো মোর বাপদাদাদের কাজ, পরজারে হাত লাগাই নে গো, মৃদঙ্গে দিই সাজ। বিধি আমায় শিল্পী ক'রে দিলেন পাঠারে,
কপের রঙের নেশান কিসে উঠব কাটারে ?
ওই নেশাতেই আগুন বুকে ধরে জোনাকী,
বজ্ঞশিখার তুচ্ছ মানে ফটীক-জল-পাধী।
মাহ্র্য উচু, মাহ্র্য নীচু,—ভন্তে না চাহি,
হার রে সরম! কোণার ধরম ? কোণার ইলাহি ?
মাহ্র্য ছোটো, মাহ্র্য বড় এও কথনো হয়,
এক বিধাতার হাতের গড়ন, ছাঁচ তো তফাং নয়।
ছঃখ দিতে তোমরা দড় তাই কি বড় ? ভাই!
আমরা ছোটো সেই ছুখে বে পাগল হ'য়ে বাই।
বান্শা! আমার গর্দানা নাও; যাতনা এড়ি;
পাগল ব'লে মাফ্ ক'রে পার পরিয়ো না বেড়ী।

কাল্পেঁচাতে হাঁক্ছে প্রহর, সান্ত্রীরা ঘুম বায়,
মাকোবা জাল বৃন্ছে মোগল ! তোমার করোগায়।
মনের কথা মনেই কাঁদে মনের বিজ্ঞানে,
মান্ন্রর উঁচু মান্ন্রর নীচু মেকীর ওজনে !
চোথের দেখা দেখ তে শুধু জড়িরেছি জালে।
দেখার ত্রা মিটাব,—তা'ও নাইক কপালে।
শুলিয়ে গেল মগজ, মনে কখন যে কি বোঁক্
আপনি কাঁদি আপনি হাসি, পাগল বলে লোক!

আবী! আমার ছেড়ে দেগো, করব না কিছু,
( তথু) নীল ষমুনার দেখ ব গো জল, নির করে নীচু।
ডবল নিকল পরাস,—যদি উঁচু চোখে চাই,
নীল বমুনার জল দেখিতে বারণ তো কই নাই।

# হুৰ্ভাগা

চোথের জলে ডাকছি তোমায় ডাক্ছি জনম ভোর, শতেক তাপে তপ্ত আমি জীর্ণ জীবন মোর; জগংস্বামী। করতে হবে আমায় করুণা. স্বামী-সোহাগ-বঞ্চিতারে নিরাশ ক'র' না। প্রাণের ডাকে ডাকলে, ভনি, ঠেলতে নার যে, প্রাণের যোগে যুক্ত তুমি,—মূণাল সরোজে; এস আমার পরাণ-পুটে আনন্দ অক্ষয়! ঠাকুর আমার, দরার ঠাকুর ! প্রভু! দর্গামর ! গোসাঁই গুরু চাইনে আমি পরের দালালি. পরের দালালিতে কেবল কপালে কালি। পরের পরামর্শেতে ধিক, আপন করে পর, তুই হৃদয়ের মধ্যে এদে করে স্বতম্ভর। চাইনে আমি, চাইনে ওগো, পরের স্বযুক্তি, . আর যারি হোক আমার ওতে হবে না মুক্তি। ঠেকে শিথে এমনি হ'রে গেছে আমার মন. নিজের ডাকে ডাক্ব তোমায় ঠাকুর নিরঞ্জন !

পরের কাছে গোপন কথা জানিয়ে অকারণ, পর হ'রে মোর গেছেন স্বামী ব্যর্থ এ জীবন ।

তোমার পায়ে জানাই প্রভূ! হুথের কাহিনী স্বামী ছিলেন খোদ্-খেয়ালী, কুলোক নন্ তিনি। পাঁজীর মতে লগ্ন ছিল, তবুও যে কেমন আমার পরে তেমন ক'রে লাগ্ল না তাঁর মন। মৌনে গেল মিলন-রাতি শুকিয়ে গেল মুখ, সোহাগ-কুপণতাম তাঁহার পেলাম মনে হুথ। অল্ল তথন বয়স আমার, প্রথম ব্যথা সে,— জানিয়ে দিলাম যারে তারে কী এক ছতাশে। একট্রথানি টানের ক্মী,--একটুকু গরমিল,--আপনি যেতে পারত সেরে হয় তো সে তিল তিল,-ইহার উহার কথার খোঁচার উঠল বেড়ে ঘা, আনাড়ীদের নাড়াচাড়ায় সারতে পেলে না; চুল সম চিড়্বাড়ল চাড়ে, অদৃষ্টে কষ্ট, ফুঁরে ফুঁরে ধুঁইয়ে আংগুন হল সে পষ্ট। মন না পেয়ে মনের কথা, হায় গো সব আগে জানাই নি মোর মন্-মানুষে ছঃখে ও রাগে; कानित्त्रिष्टिलाम नीठ मानीत्त्र अम्नि कूतृकि, জনম ভ'রে চলচে আমার সেই পাপের শুদ্ধি।

ছটি মনের মনামূলি ঘটল না দেখে মা বোন বলেন "কেমনে বল বায় করা একে 🕫" জ্টল এনে মন্ত্ৰ-জানা সাধু সন্ন্যাসী—
বাগেরনুনামে টাকা নিরে ভাগল কেউ কাশী,
কেউ পরালে মাছলি আর কেউ করালে জপ,
ঈশান কোণে পুঁতলে সরা, বার্থ হল সব।
ছিটা কোঁটা মন্ত্র ঘটা উঠল বেই বেড়ে,
একেবারে তকাৎ খামী হ'লেন ঘর ছেড়ে;
মনের কোণে যে খুঁৎ ছিল, সারত সে হয় তো,
পরম্পরের ঘনিষ্ঠতার,—বিচিত্র নয় তো,—
মনের ডাকে ডাক্লে পরে মন হ'ত তার বশ,
ভাবের ঘরে অভাব; শুধু বাড়ল জ-শ্বরম।

তুক্ত ধনের থাক্লে দাবী, নালিদ চলে তার,
মনের দাবীর নাইক নালিদ মিথ্যা হাহাকার;
কোন্ হাকিমে মনের পরে করতে পারে জোর
থোর-পোবের এ নর গো দাবী লেহের কুথা মোর।
কোন্ আদালত ডিক্রি জারি করবে গো চিত্তে,
কোন্ হাটে সে ধন পাওরা যায় হায় গো কি বিত্তে।
মনের মালিক তকাং থাকে ভায় না দে ধরা,
কইলে কথা জবাব দিতে করেই না ছরা।
চোথে চোথে মিলন হ'লে অন্য দিকে চায়,
জান্লা দিরে উদাস আঁথি কোথায় উড়ে য়ায়;

#### जूनित निधन

স্বামীর সোহাগ এই জীবনে পাইনিক, স্বামী ! শুভ কাজে ডাক পড়ে না, হুর্ভাগা স্বামি।

मित्नद भरत मिन हरण योग्र मोरमद भरत माम, হতাশে মন ভূকিরে উঠে নাই কোনো আশ্বাস। হঠাৎ এল দাসীর মাসী পরম গুণী সে. ७वृध-विवृध ञ्यासक क्वारम ; अमृनि छनि वि,— দাসীর মাসীর দেখন-হাসির জামাই বেরাড়া তার ওধুধে এক্কেবারে হয়েছে ভেড়া ! ভনে যেন দোক্তা-পাতার লাগল তলব জোর আড়ালে তায় ভগাই ডেকে "কেমন ওযুগ তোর ?— পাওয়াতে হয় ?" "তা হয় বাছা !" বল্লে আমায় সে ; আমার তথন বৃদ্ধি কাঁচা বল্লাম "এনে দে!— ভর কিছু নেই ?" "রামঃ, হাতে পড়বে যে দড়ি তেমন ওযুধ আমরা রাখি ?—পরব হাতকড়ি ?" निनाम अरुध, शास्त्र मार्थ मिनाम सामीरत, পাপীর পাপী গঞ্চ-পাপীর অধম আমি রে। ওবুধ আপন কাজ করিল, দিনে দিনে হায়। অমন মামুষ চোখের উপর কেমন হরে যায়। मगक राज नहें हरते, तृष्कि ह'न कीन, বইল হ'বে জব-ছবির, অধীন, গতিহীন।

পেলাম তারে হাতের মুঠার, পেলাম না পুরা,
'গুল' করিতে করম-দোকে সব হ'ল গুঁড়া।
পেলাম তারে নিজের কোটে, পেলাম না তার মন,
মনের মজা কুরিয়ে গেছে, জড় এবে সেইজন।
জঙ্ককে নেড়ে কি স্থাং গুবল! পুতুল-খেলা, হার।
ছেলেবেলার স্থা দে, এখন স্থা মেলে না তার।
ল্রন্ট সাধক! করলি কি তুইং মুর্থ তুই খাঁটি,
কালার ছাঁচে মনের ঠাকুর করলি বে মাটি।
মাটির ডেলা পুজা করে ভরল না হার মন,
মন দিয়ে মন পেয়ে যে স্থা, সে স্থা আদর্শন।

নিতা-প্রারশ্চিত্তে কত দিনের পরে দিন কেটেছে মোর পঙ্গু স্থামীর সেবার প্রান্তিহীন; আমার পাপে পঙ্গু স্থামী হার গো বিধাতা! তোমার পারে ঠাঁই পেরেছেন, আমি অনাথা! এক্লা জীবন, স্থতির বোঝা বহঁতে না পারি' তোমার ডাকি আকুল মনে, হে ছঃখহারী। মানস-রূপে এস মনে মনের পরমেশ! পাপে তাপে জীর্ণ ছালর, ছথের কর শেষ। গুরু গোসাঁই চাইনে আমার, নেবনা মন্তর, নিজের ডাকে ডাকবে তোমার ভৃষিত অস্তর;

শিশু যেমন সহজ স্থাং আপনি হধ টানে, হুধ টানিবার মন্ত্র কেই না আয় তার কানে, তেম্নি আমার প্রাণের টানে টান্বে তোমারে আপ নি পূরা হবে হৃদয় অমৃত-ধারে। নানান মতে এই জগতে হয়েছি নিম্বল, এস প্রাণে প্রাণের **আরাম**! মুছাও **আঁথিজন।** তোমার আমার মাঝধানে আর বসাব কারে ? আড়াল ক'রে থাকবে সে যে ঢাকবে আঁধারে; কথার ধোঁয়া, মতের ধূলা উড়াবে থালি, চাইনে ঠাকুর। চাইনে আমি পরের দালালি। তুমি গুৰু, তুমি গোসাঁই তুমি সে ইষ্ট, ইহ পরকালের স্বামী ভক্তি-আরুষ্ট। তুমি পর্ম প্রায়শ্চিত মলিন এ চিত্তে. কর পরম প্রেমের ভাগী আনন্দ-তীর্থে। অন্ধ-করা অন্ধকারে দীপ্ত তুমি দীপ, অশ্রুবন জীবনে মোর শ্রাবণ-শোভা নীপ। বন্ধ ঘরে বন্ধ। কথা কইছ ইশারাম। মানদ-লোকে মনের মানুষ। প্রণাম করি পায়॥

# বিছ্যাৰ্থী

আমারে পড় য়া করি' লও তব বিছারণ্য মুনি ! পণ্ডিত-বটু বটি হে ঠাকুর,— হ'তে পারি নাই গুণী। বয়স আমার বত্রিশ পার. তোমারে স্থাই তাই---এ বয়দে আর বিছা পাবার কোনো ভর্মা কি নাই १ যেখানে গিয়েছি ফিরায়ে দিয়েছে. ফিরেছি নানান দেশে. ভেদে ভেদে আজ তোমারি চরণে আসিয়া ঠেকেছি শেষে। ভৌজ থেয়ে আর দাবা পাশা থেলে বয়স গিয়েছে কেটে. বংশ-গরিমা রাখিতে নারিফ জল আসে চোথ ফেটে। এ-সকল কথা আগে ভাবি নাই: দিন গেছে টো টো ক'রে,—

দোকানে দোকানে মজ্লিদ্ রেখে,— ফল পেডে পাথী ধরে। আমাদের টোলে মামুষ হয়েছে मन-विमानत एटन. আমারি কেবল গ্রাম্ভ ছিল না. দিন গেছে অবহেলে। সহসা ঘটিল পরিবর্ত্তন ঠাকুরের হ'ল কাল. মা গেলেন সহমরণে চলিয়া; বুঝিমু নিজের হাল। পড় যারা চলে গেল একে একে, জনহীন চৌপাড়ি, পল্লী নীরব হ'রে গেল যেন ভরেতে ভরিল বাডী। পণ জুটিল না, বিবাহ হ'ল না হাত পোডাইয়া বাঁধি। কাঠ কাটি, জল তুলি, ভাঙা বেড়া গিরা দিয়া নিজে বাঁধি। তবুও সময় না চায় কাটিতে, চিৎপাত হ'য়ে পড়ি. মশা মারি, মাছি তাড়াই, ঘরের গণি গো বর্গা-কডি।

एकिला कुकुत कति पुत्र पुत्र, গৰু এলে দিই তাড়া. কোনো কাজ আর ছিল না আমার একেবারে ইহা ছাড়া। বলিতে ভূলেছি,—কোনো কোনো দিন সিন্দুক পেটি খুলি দেখিতাম বসে পুরাণো কালের গৃহ-তৈজসগুলি। দেখিতাম মোর অরপ্রাশনে পাওয়া ঘটি, বাটি, থাল, ঠাকুরমায়ের রাঙা চেলি আর ठीकुत्रमामात्र भाग। পৈতৃক ধন বিস্থা না পেয়ে পেলাম পুঁথির রাশি. পিতার বিয়োগে পৈতৃক ভিটা আমার ধরিল গ্রাসি'। আমার বলিতে ভধু সেই ছিল, সেই পুরাতন ভিটা.--তার ইটে ইটে মাধুরীর ছিটে,— ভিটা মমতায় মিঠা। তারে ছেড়ে মন নড়িতে না চায়.---পড়ে আছি দিবারাতি.

# জুলির লিখন

ফিরে গেল কত নগর-ভোজের নিমন্ত্রণের পাঁতি। অকারণ তবু ভবে বেন মন ভরিয়া ভরিয়া ওঠে. ছাত্রমুধর এই সেই বর আওয়াক ভার না মোটে। মৃত্যুর মত নির্মাক সে যে বিহ্বল ক'রে তোলে. পরাণ থাকিত হ'য়ে সচকিত মাথা রাখি তার কোলে। নিজ খডমের প্রতিধ্বনিতে রাতে উঠি ভয়ে কেঁপে. কোনো দিকে আর চাহিতে না পারি ছই হাত বুকে চেপে— ঘরে চুকে যাই, কবাট আঁটিয়া হাংড়াই চকুমকি. দীপ জেলে ভাবি ভয় ভূলিবারে উপায় বা করিব কী। চোখ্পড়ে গেল পুঁথির রাশিতে.— মনে প'ল,--রাম নামে ভয় দূরে যায়, ভাগে ভূত প্রেত ভীক্র ভাবনা থামে।

করিলাম স্থির খুঁ জিব এখনি রামায়ণ পুঁ থিখানা. চেষ্টা করিয়া পড়িব, নাগ্রী হরফ তো আছে জানা। চট ক'রে যেই চড়িমু চালিতে পট় করে পচা দড়ি ছিঁড়ে গেল, চালি ভেঙে পুঁথিপাতা গৃহতলে ছড়াছডি। আমি পড়ে গেন্থ, তাহারি ঝাপটে সহসা নিবিল বাতি. পূঠে মাথায় পড়িতে লাগিল किन, हफ, खँठा, नाथि। মনে হ'ল শত কুদ্ধ চোথের দৃষ্টি আমার 'পরে আছে নিবদ্ধ,—টিট্কারী-ভরা অকরুণ অন্তরে। পড়িছে পড়িছে কেবলি পড়িছে তুলিতে না ছায় মাথা, হারামু চেতনা ; তারপর আর की (य र'न-कानि ना जा'। মূর্থজনার মলিন পরশ সহেনা সরস্বতী

## ভুলির লিখন

তাই এ ঘটনা ঘটিল বুঝি বা তাই এই হুৰ্গতি। হুৰ্গতি কি না বলিতে পারিনা,---স্থপনেতে সেই দিন পরলোকগত পিতারে দেখিতে পেয়েছিল এই দীন; মূৰ্ব ছেলের ছঃখে বুঝি গো ব্যথা পেয়েছিল মন, স্বৰ্গ ছাড়িয়া আমারি শিয়রে তাই হ'ল আগমন: জীবনে আবার স্নেহ-গম্ভীর বচন শুনিমু তাঁর. कहिलन सारत "वनिनी वागी. কর তাঁরে উদ্ধার।" কি বলিতে গেমু,—কাঁদিয়া উঠিমু,— স্থপন টুটিল, হায়, চাহিয়া দেখিত্ব প্রভাতের আলো উকি ভার জানালার। পুঁথিগুলা যেন হাসে মোরে দেখে মেলি' হরফের দাঁত, ধীরে ধীরে তবু গোছাতে গেলাম মিলাতে গেলাম পাত।

তুলোটের পাঁতি তালের পত্র ভূৰ্জ-লিখন আর আমার উপরে আডি করে' যেন হ'রে আছে একাকার। তিল-তণ্ডল মিলনে মিলেছে একশো পুঁথির পাতা,-নীরে-ক্ষীরে যেন মিশেছে, তাদের গোছাতে ধরিল মাথা। অক্ষরগুলো চেয়ে থাকে ভধু অৰ্থ না যায় বোঝা. ভূতের বোঝা এ,—দিই চুল্লীতে ;— কাজ হ'রে যাক সোজা। হঠাৎ স্মরণ হইল স্বপন.— পোড়ানো হ'ল না আর,— "বাণী বয়েছেন বন্দিনী হ'য়ে কর তাঁরে উদ্ধার।" নিফলে খেটে দিন গেল কেটে. রাত্রি আসিল ফিরে. বিতথ পুঁথির মধ্যে পাতিম मिन नयापित ! চক্ষু জুড়িয়া তন্ত্ৰা যেমন আসন পেতেছে তার,-

# জুলির লিখন

অমনি ভনিত্র "বনিনী বাণী কর তাঁরে উদ্ধার।" পাগলের মত হইয়া উঠিত্ব অনিদ্রা অনাহারে. ভিটামাটি ছেড়ে হলাম বাহির নিশির অন্ধকারে। গ্রামের প্রাস্তে বেণুবনে বায়ু করিতেছে হাহাকার,---"বাণী রয়েছেন বন্দিনী হ'য়ে কর তাঁরে উদ্ধার।" বিঁবিশ্বলো বলে "ছিছি! মিছেমিছি পিছনে চেয়োনা আর. বাণী রয়েছেন বন্দিনী হ'য়ে কর তাঁরে উদ্ধার।" সেই হতে ফিরি বেয়াকুল হ'য়ে পথে পথে দেশে দেশে, "বুড়া পড়ুয়ার পাঠশালা নাই" বলে মোরে সব হেসে। বান্ধণ-বটু বটি তো ঠাকুর বয়স না হয় বেশি স্বপ্ন-আদেশে এসেছি; নহিলে এ বরসে টোলে ঘেঁসি ৪

পুঁথির ভিতরে বন্দী রয়েছে युक्तिमात्रिनी वानी. তাঁরে উদ্ধার করিবার ভার আমারি উপরে জানি। আমারে শিখাও, পায়ে ঠাই দাও হে গুরু! পুরাও সাধ: পণ্ডিত হব, বিন্থা লভিব---কর গো আশীর্কাদ। কিন্ধর তব শ্রমে অকাতর, সেবার হবে না ত্রুটি: विनिष्ठ এই एम्ट विनिमास প্রসাদ লইব লুটি'। ভূত্য করিয়া রাখ হে ঠাকুর ! ছাত্র না কর যদি. ইন্ধন আমি আনিব আহরি' ওগো প্রভু। যে অবধি-যোগ্য না হই বিম্যালাভের : শিশুমুখে শুনি' শুনি' তবু অত্যাস হ'তে পারে কিছু

विश्वादश यूनि।

# শবাসীন

কই গো করালী! দেখা দিলি কই ? ভয় তো করেছি জয়;
এর বেশী আর কি করেছে বল্ তোর মৃত্যুঞ্জয় ?
দেও তো জননী! আমারি মতন
প্রেমে পেতেছিল শ্মশানে আসন,—
প্রেমে মেধৈছিল নর-অঙ্গের বিভৃতি অঙ্গময়।

তবে ও চরণ কেন ভৃঞ্জিবে একা ওই উন্মাদ ?
আমারেও দেখা দিতে হবে তোর, মিটাতে হবে মা সাধ ;
অমাবামিনীতে কোলে করি' শব
নেচেছি উহারি মত তাওব,
ছিল ভালবাসা সাধনার মূলে—এই কি গো অপরাধ ?

হার মনে পড়ে সেই দিন—যবে ছিলাম ব্রন্ধচারী লঘু লজ্ঞার ভিক্ষা-ঝুলিটা ঠেকিত বিষম ভারি। কাল্-ভৈরোর কুকুর তাড়ারে ক্লিন্ন পথের অন্ধ কুড়ারে খাইতে তথনো শিখিনি মনের সব হুগা অপসারি। ছন্নারে ছন্নারে দাড়াতাম গিয়ে নীরব প্রার্থনার,— শুক্রর আদেশে মৌনী ছিলাম তিকার সাধনার ;— দাড়াতাম ছই হস্ত বাড়ারে, কেউ দিত, কেউ দিত বা তাড়ারে, ভিধারীর ঝুলি ভরিত আথেরে গরীবের করুণার।

বাহিব হতাম জপ হোম সারি' ভিকার সন্ধানে,—
স্থাবিরার দল থাটুলি-ডুলিতে চলেছে বথন স্থানে,—
অলিতে গলিতে ফিরিতে ফিরিতে
নামিতে উঠিতে সিঁ ড়িতে সিঁ ড়িতে
পূর্বাকাশের হাঁট্য হেলিয়া পড়িত পছিম পানে।

একদা ফিরিতেছিত্ব আশ্রমে লইয়া রিক্ত কুলি, আকাশে তথন তপ্ত তপন, বাতাদে তপ্ত ধূলি, ভাবিতেছি এই মহানগরীতে . কেহ কি নাহিক মোরে দান দিতে ? মৌনীর মন ব্রিয়া কেহই নাহি কি হুয়ার খুলি ?

জনহীন পথ, মক্ষিকা ওড়ে আবর্জ্জনার 'পরে, থমকি' নাড়াম, কে যেন আমার ডাকিল মৃহস্বরে!

সচকিত চোধে চারিদিকে চাই, ঝরোখা-হুয়ারে কেউ কোণা' নাই ; ছায়াহীন পথ, উগ্র গ্রহেশ একা প্রভূত্ব করে।

"ওগো উদাসিন্ ! এই দিকে !" কিরে চাহিরা দেখিত্ব তবে, শুমা নতিকার ক্ষীণ তত্ব একি উপচিত পরবে ! হুণটি চোখে তার অমৃতের পূর, মেহ-সিঞ্চিত কণ্ঠ মধুর ; ছারা-রূপা যিনি নিথিল-চারিণী এ কি তাঁরি ছারা হবে ?

নিকটে গেলাম, সন্মুখে তার ঝুলিট ধরিত্ব তুলি', সে কহিল "একি! এতথানি বেলা এথনো শৃক্ত ঝুলি! বারাণসী হ'তে ফিরিছ উপোসী, অন্নপূর্ণা মন্দিরে বসি' জেনেছেন তাহা, তাই রেখেছেন এই দরজাটি খুলি।"

ভরি' দিল ঝুলি ; দৈবে মোদের মিলিল চকু চারি, চমকি' নয়ন নত করিলাম ; আমি না প্রকাচারী ? মৌনীর সেই মৌন আবেগ রচনা করিল কামনার মেঘ ; চঞ্চল হাওরা ফিরিতে লাগিল দেহমনে সঞ্চারি'! ক্রত পদে চলি' ফিরিয়া এলাম, না কহি' একটি বালী, মৌনীর ব্রত রক্ষা সেদিন করিছ হুংধ মানি'। বল্লা-শিথিল সেদিন অবধি মন হল মোর তপের বিরোধী, জাথি-আগে গুধু জাগিতে লাগিল নামহীন মুধধানি।

উঠিতে লাগিল হিয়াথানি তার দিনে দিনে উপচিয়া,
থূদী হ'ত খূদী করিরা আমার প্রচুর ভিক্ষা দিয়া ;
একদা কহিল মুখপানে চেয়ে
মূহ চাহনির মমতার ছেয়ে
"মৌনী ঠাকুর, কাল থেকে যেয়ো আগে মোর দান নিয়া।"

প্রদিন প্রাতে ভিক্ষাপাত্র নানা উপচারে ভরি' কহিল "ঠাকুর থব রোদ্ধুর, ঘরে ফির স্বরা করি'।" ফিরিলাম, আঁথি এল ছলছলি কৃতজ্ঞতার কুসুমাঞ্চলি মৌন হৃদয়ে দিস্থ নিবেদিয়া স্নেহ-রূপিণীরে স্মরি'।

অসময়ে মোরে আশ্রমে দেখি' গুরু কহিলেন "এ কি ! সকালে ফিরেছ তবু কেন আজ মুরতি ক্লিষ্ট দেখি ?" कृतित नियन

বাহতটে জাঁকি কুমুম-সায়ক মন্মধে পূজে কত উপাসক, বাণী-পূজকের বীণা পুস্তক—ছইই বুকে দেখা চাই।

ঘুরিরা ঘুরিরা ক্লান্ত পরাণে ফিরিকু কাশীর বাটে, বহুদিন পরে আসিরা বসিকু মণিকর্ণিকা ঘাটে; ভাষাহীন স্নেহে উদাসীর মন কেড়ে নিল কাশী, ফুরাল ভ্রমণ, জপের মালার শুটিকার মত একে একে দিন কাটে।

একদা চিতার ভন্মে-ভূষিত এল এক কাপালিক ভালে কজ্জন, গলে হাড়-মালা, রাঙা আঁথি অনিমিধ্, নরমুণ্ডের ধর্পর হাতে, বাঘছাল-পরা, জটাজুট মাথে, 'বোম্' বোম্' রবে কেঁপে ওঠে মন কেঁপে ওঠে দশদিক।

এই তো আমার উদ্ধার-পথ হয়েছে আবিকার ! সিদ্ধি লতিব শব-সাধনায় হইব নির্ব্ধিকার ; সব কোমলতা মন হ'তে ঘূচে সে কোমল মুখ দিয়ে যাবে মুছে, চিতার আলোকে রূপের মূল্য বুঝে নেব এইবার। মনের বাসনা নিবেদন আমি করিলাম কাপালিকে,
আগ্রহ দেখি তালে মোর টীকা দিল সে কাজলে নিখে;
ন্তন গুরুর সঙ্গে শাশানে
ফিরিডে লাগিছ শক্ষিত প্রাণে,
গুরু আগে গেলে তবে সে বেতাম প্রেভ্যানের দিকে।

একদা নিশীথে গুরুর নিদেশে শ্বশানে চলেছি একা, কৃষ্ণা বামিনী, বৃষ্টি নেমেছে, নিজেরে না বায় দেখা; চলেছি প্রথম শব-সন্ধানে কৃত আতক্ক উঠিতেছে প্রাণে, নিরালয় মাঠে ঝড়ের দাপটে কাঁপে বিছাৎ-লেখা।

চঞ্চল চলি' দাঁড়ালাম গিয়ে ঋশান-অশথ-তলে ; বিজ্লী-আলোর কণিক বিলাদে কি দেখি অথির জলে ? স্পান্দিত হিয়া হ'হাতে চাপিয়া -নামিতে নদীতে উঠিস্থ কাঁপিয়া ; ভয়ন্ত্র্বলি হাতে শবদেহ তুলিস্থ মনের বলে।

সহসা বিপুল আলোকোজ্বাস। ওগো। একি। একি। একি। চিনেছি। পেয়েছি।—কই আলো কই १—সংশয়ে গেফু ঠেকি'।

আলো কি আজিকে নেই সংগারে ?—
কেউ আদিবে না মৃত-সংকারে ?—
বক্স পড়কৃ---আলো হবে তবু---একবার লব দেখি।

আহা—বিহাৎ! বেরোনা, পেরেছি...দেখেছি…হরেছে শেষ ; শেষ ?…কে বলিল ?…এই সতীদেহ বহিরা ফিরিব দেশ। আজি আরস্ত প্রেমের আমার, ভিথারী পেরেছে হারানিধি তার! লঘু হ'য়ে গেছে দেহ, মন, প্রাণ, অঞ্জ নাই লেশ।

আমি অভিসাবে এলাম শ্বশানে জলে ভেসে তুমি এলে !
এতদ্ব যদি করিলে কেন গো দেখ না নয়ন মেলে !
ওগো পূর্ণিমা ! ওগো প্রেমগুরু !
আজি যে মোদের মিলনের স্কুরু ;
হুঃখ কেব্ল এত কাছে এসে এতদুর হয়ে গেলে।

বুকের মাণিক বৃকে ফিরে এসে মলিন কেন গো হ'লে, কৌতুক-ছলে মৌনী হ'লে কি মৌন-জনের কোলে ? মণিবদ্ধনে কঙ্কণ-ডোর তেমনি উজ্জল রয়েছে যে তোর, অধরের কোণে মিগ্ধ হাসিটি বুঝিরে তেমনি দোলে।

#### ণবাসীন

আহা—বিহাং। দরা কর—দাও দেখিতে ক্ষণপ্রতা।
অন্ধের মত পরশ বুলারে ভূঞ্জিতে নারি শোভা;
হিম! হিম! সব হিম হ'রে গেছে,
কবরী শিথিল—জ্বলে সে ভিজেছে;
অসাড় অবশ স্পদ্বিহীন—তবু—তবু মনোলোভা।

নশ্ব এসেছ বন্ধুর কাছে সঙ্গে কিছু না নিয়ে
বিনা সকোচে এসেছ কিশোরী অজানা অপথ দিয়ে ;
কিজন শাশান, রাত্রি আঁধার,
কুণ্ঠা ঘুচাও চাহ একবার,
কি হুখে মরণ করেছ বরণ ? বল একবার প্রিয়ে !

কথা কহিবে না ? একি অভিমান ? কিবা যা' করেছি ভর,—
ক্ষীণ প্ণোর কণদা আমার ! এ তুমি সে তুমি নয় !
ওগো কে আমারে বলে' দিবে হায় !
কেন এ লতিকা অকালে শুকায় ?
মৌন প্রেমের এই পরিণতি ! প্রেতভূমে পরিণয় !

তুমি ম'রে গেছ ? শ্বশানে শুলেছ ? তবে তাহে নাই ডর ? এই কি মরণ ?…এই মৃত দেহ ?…মৃত্যু কী মনোহর !

কালের পরশে নাই বিভীষিকা
তুমি শিখাইলে অগ্নি রূপশিখা !
মরণের বেশে মনের মান্ন্য শ্রশানে পাতিলে হর !

ন্নেহের প্তলি, ... সেই হ'ল শব ! ... শবের সাধন সোজা ; কাপালিক ! তুমি কী শিধাবে আর ? মূর্থ ! ভূতের ওঝা ! একদিন ঘেই ভালবাসা দেছে সেই আজি মোরে সাধক করেছে ; সিদ্ধ হয়েছি, ঋদ্ধি পেরেছি, শেষ হ'য়ে গোছে ধোঁজা।

প্রিয়া ! প্রিয়া ! প্রাণের দোসর ! আর নাহি নোর লাজ ! বন্ধচারীর সকল গর্ম ধ্বংস হয়েছে আজ । আর কোনোথানে নাই কোনো বাধা,— দিদ্ধির লাগি' শেষ হল' সাধা, শুষ্ক তক্তরে বিজুলির পাতে মুড়ে আজি দেছে বাজ !

শকা টুটেছে, শাসন ছুটেছে, শ্মণান হরেছে গেছ;
শবেরে জেনেছি আগনার জন, মৃতেরে দিরেছি স্লেহ;
সে যে পেরেছিল মারের আদর,
সেষ যে ছিল কার আলো করি' ঘর,
ছথে স্বথে কালি ছিল মোর মত—আজিকার শবদেহ।

# শবাসীন

চিতার বিভৃতি তম্ম সে নয়,—প্রেমতীর্থের ধূলি, ছিল গো প্রেমের বন্ধন-ডোর এই কন্ধালগুলি; বন্ধবিহীন শ্মশানের শব। তোমাদের লয়ে করি' উৎসব নিশীথ গগনে ছিল্ল কাঁথার বিকল্প-নিশান তুলি'।

শবাসীন হ'রে সেইদিন হ'তে অমানিশি করি' ক্ষর ; মরণের মাঝে মাধুরী পেরেছি, হ'য়ে গেছি তন্ময়। স্মৃতিসতী-দেহ বহি' নিশিদিন শুশানে শুশানে ফিরি উদাসীন, তবু কপালিনী। দুয়া কি হ'ল না ?…এখনো অনিশ্চর !

# 'পরে

পরেয়া ব'লে তো পর ক'বে দিলে ওগো আচারীর দল। তবু ছাথ, টিঁকে রয়েছি জগতে যাই নাই রসাতল। ' আছি বলে আছি- দিনা রয়েছি রয়েছি ফুর্ত্তি ক'রে, থাটিখুটি খাই মাদল বাজাই নাচি গাই প্রাণ ভ'রে। অথাত্য থাই ?—সে কেমন কথা ? অর্থটা তার কি রে গ হ'লে অথাত্য বা'র হয়ে যেত সন্থ উদর চিরে। তা' যথন ভাই আজো হয় নাই এটা বলিতেই হবে-থাত থেয়েই বেঁচে আছি মোরা। বুৰিলে এখন তবে ? অথাত্য খাব ? সে যে অসাধ্য সাধন করা রে ভাই

তা' করিতে গেলে ভোক-বিছাটা ভাল ক'রে শেখা চাই। মোরা নেশা খাই ? তা ব'লে তো ভাই করিনে কাজের ক্ষতি. ছেলেপুলে পুষি, বৌটাকে তুষি মা বাপের করি গতি। তারপর যদি একটু-আধটু এদিক ওদিক হয়, ক্ষা-দ্বণা ক'রে নিতে হয়.—অত ছল ধরা কিছু নয়। তাও ব'লে রাখি,—বদে থাকিব কি ?— তোমাদের মত আর মোদের তো নেই স্থবিধা তেমন ফলাহার জুটিবার। শাস্ত্র লিখেছ আপকা-ওয়ান্তে,-করেছ কতই কাপ,—' তোমাদের ভোজ দিলেই পুণ্য,— আমাদের দিলে পাপ। মোরা অনার্যা १-- কুফাবরণ १ তোমরা গউর ? দাদা। কালো হোক চাই ধলো হোক গাই

ত্ৰধ সে সমান শাদা।

আর কি আমরা ? বল ! বলে যাও !... আমরা সর্বভ্র গ ফুল চন্দন পড় ক মুখেতে ! ন্তনে ভারি হ'ল স্থথ.... তোমাদের কোন্ ঠাকুর গো প্রভূ। তারো যে অমনি নাম হাঁ হাঁ হয়েছে—মনে পড়ে গেছে— আগুন গো গুণধাম। পরেয়ারে নিলে ঠাকুরের দলে— ঠকে গেলে দয়াময়। আগুনে যা' দাও সেই মুতটকু পাঠাতে আজ্ঞা হয়। পোড়ায়ে নষ্ট কর তো ঠাকুর না হয় মানুষে খেলে. পেটের অগ্নি অগ্নি তো বটে, 'সাহা' বলে দাও ঢেলে। পোডায়ে পষ্ট করিছ নষ্ট আমরা বাঁচিব থেয়ে, দানের পুণ্য-ঘোষণে শাস্ত্র মিছাই ফেলেছ ছেয়ে। তফাৎ হয়েছ, দূরে সরে আছ কাটা মুণ্ডের মত,

বাহর গরাসে তথু গিলিছই,-হজম করিলে কত ? চিন্ন কঠে বাহির হতেছে যত বা পশিছে মুখে, নাহিক পুষ্টি, নাহিক কান্তি, টিঁকে আছ কোন 'তুকে' ? স্পন্দিত-শিরা কবন্ধ--বাহ করিছে আফালন. কাটা মুণ্ডের বাচালতা দেখে হাসিছে জগং-জন। জননী-জঠরে ত্রণের শরীর ভেঙে যায় ভাগে ভাগে বুস্তে বিকচ পাপড়ির মত মাঝে তবু বোগ থাকে। সমাজেরে তুমি ভাগ তো করনি করেছ ব্যবচ্ছেদ, যোগের হত্ত কাটিয়া দিয়াছ গড়িয়াছ জাতিভেদ। এখন তোমার কাটা মুণ্ডের কথায় কে দিবে কান ?

কবন্ধটার আন্দালনের

ভিতরে নাহিক প্রাণ।

হাততালি দিয়া কথা না বলিয়া নগরের পথ 'পারে সকোচ-ভরে কোথায় চলেছ পাগলের ভাব ধ'রে •… পাছে ছু য়ে ফেলি তাই হাততালি 🕬 করিতেছ সাবধান ? **इ** एक यांच किन १···धत्र, यिन **इ** हे... ছোঁয়তে কী লোকসান ? 'ছায়া মাড়াইলে হইবে নাহিতে ? এই এ দেশের প্রথা ? শাব্রে লিখেছে ?…লেখেনি ?…আঁ৷ বটে ? এ তবে কেমন কথা গ শান্ত মান না ? ... মান ? ... তাই নাকি ? আর মান দেশাচার গ ন্ধার ?…হাঁচি ?…আর ?…টিকটিকি ?…আর ? শাসন পঞ্জিকার গ মান না কেবল উপকার-ঋণ জান না কুতজ্ঞতা: অশুচি পরেয়া শুচি করে পথ, ভূলে কি গেলে সে কথা ? নহিলে শুচিতা থাকিত কোথায় ?… কি? কি ?...পথ নারায়ণ ৪

নারারণে মোরা করি পবিত্র মোরা কিসে হীনজন ? পথ ঘাট সবই দেবতা ভোমার मायुष्टे (कर्त माहि, অঙ্গ জুড়ার কথা ওনে, আহা, পরিপাট। পরিপাট। মোরা অনাচারী! মোরা ব্যভিচারী? পূজি ব্যভিচারিণীরে গ প্রপ্রামের মাতৃমুপ্ত श्रानिश्राष्ट्रि मन्मिरत ? জননী-ঘাতীরে তোমরা যখন করিলে হে অবতার,— অনাচারী মোরা হার মানিলাম দেখে এই অনাচার। জীবন দিয়া যে ভূবন দেখাল মামুষ করিল স্নেহে,— সম্ভান তুমি,—তাহার বিচার করিবার তুমি কে হে ? পুত্র বসিয়া বিচার করিল জননীর অপরাধ। দণ্ডও দিল মুণ্ড কাটিল, অন্ভুত সংবাদ।

সেই পাতকীরে অবতার সবে করিলে গণ্ডগোলে, ব্যথা-সচকিত রেণুকার মাথা আমরা নিলাম কোলে। এই অপরাধ-ইহারি লাগিয়া মোদের করেছ পর, তাডারে দিরেছ পল্লী-বাহিরে কাড়িয়া নিয়েছ ঘর। 'এই অন্তায় করেছ সকলে ভৃত্ত-পুত্রের ভয়ে, আমরা দ্বণিত হলাম,—অবলা নারীর পক্ষ ল'য়ে। কুকুরের নীচে ঠাঁই আমাদের আমরা পরেয়া লোক. তোমরা ঠাকুর অতি-স্থচতুর তোমাদেরি ভাল হোকু ॥

# সতী

(আমার) কোটি চক্র উদয় হ'ল, বলু গো তোরা বলু গো হরি;
সময় হ'ল ডক্কা প'ল, এবার তবে যাত্রা করি।
চোথের জল যে নেই ফেলিতে, কেন তোরা কাঁদিস্, ওরে!
যে যাবে তায় বিদায় দে রে, কেন বাঁধিস্ মায়ার ডোরে।
ছাদ্না-তলার শক্ত বাঁধন, সে বাঁধন যে খুল্তে নারি,
পুরুষ মায়ুষ যেথায় যাবে সঙ্গে যাবে তায় যে নারী।
সঙ্গে যাবে সাথের সাথী, সঙ্গে যাবে হঃথে স্থে,
সঙ্গে যাবে চাথের জলে, সঙ্গে যাবে হাজ-মুথে।
সঙ্গে যাবে রণে বনে সীতার মতন কুত্হলে,
পিছ্-পা হব ? পিছিয়ে রব ? শাশানে আজ বাছে বলে।
ছাদ্না-তলার ছাঁদের বাঁধন সে বাঁধন যে শক্ত ভারি,
সাত পাকে যে জড়িয়েছে পাক চৌন পাকে খুলতে নারি।

দিস্নে বাধা বারণ করি করিস্নে বে কালাকাট,
মরণ কারো হর নাক' রদ, মাটি যা' দে হবেই মাটি।
কচি কাঁচা নেইক কোলে, শিখেছে সব খুঁটে খেতে,
মেরের বিয়ে নেইক বাকী, দিয়েছি সব স্থুপাতেতে।

বড় ছেলের বউ এনেছি, ( ঠাকুর, এদের হ্বংধ রাধ ; )—
সব ছোটট দশ বছরের তার কথা আর তাব্ব নাক'।
বাজা ওরে বাজ্না বাজা, আজ আমাদের আবার বিয়ে;
কই ডুলি কই ? কাহার কোথায় ? কইরে আমায় চল্না নিয়ে।
যাব আমি যম জিনিতে, বাজা তোরা বাজ্না বাজা,
আল্তা দিয়ে সিঁদ্র দিয়ে আবার আমায় ক'নে সাজা।
ফুলের মালা পরিয়ে দেরে, পরিয়ে দেরে রাঙা শাড়ী,
থই কড়ি সব ছড়িয়ে দে রে যাচিচ আমি খতুববাড়ী।

বিরের কালের হাতের নোরা ক্ষর গিরেছে প'রে প'রে,
শিথলে দে রে পইছে থাড়ু থিল্কাঠি ওর আল্গা ক'রে।
বিবিরানা নথটি আমার,—পাঠিরে দিয়ে ছগা-বাড়ী,—
গড়িরেছিলাম হরনি পরা,—আর ওই নতুন পাটের শাড়ী,—
গাঠিরেছিল ঠাকুরঝি বা',—ওবার বর্ণন যার সে কাশী;
ঝুম্কো.টেড়ি বৌমা প'র'; আর বে সোনাক্সপেরে রাশি
ভাগ ক'রে তা' নিরো সবাই দেওরদের সব হলে বিরে,
আমি ও আর ভাব তে নারি, থালাস ভোমার হাতে দিয়ে।
ভাল ধরের ঝিউড়ি তুমি এনেছি সহংশ থেকে,
এ সংসারে গিরি হ'য়ে চল্বে সকল বজার রেথে।
বঞ্চিত না হয় বেন কেউ দৃষ্টি রাথিদ্ স্বার প্রতি,
আমার শ্বণ্ডরকুলের লক্ষ্মী মা তুই আমার বৃদ্ধিমতী।

ননদ ক'টা রইল তোমার ; আমাদের অবর্ত্তমানে তত্ত্ব নিরো মাঝে মাঝে, মনে যেন গুণ না মানে।

ছি ছি! বাছা! ওকি আবার ? এমন দিনে কাঁদ্তে আছে ? অমন ক'বে কাঁদ্বে যদি, থেকো নাক' আমার কাছে। আমি তো আর কাঁদ্ব নাক', আমি এখন আমার ছারা, আমি এখন গিইছি মরে, মরার আবার কিসের মায়া ?

ওলো মাধী! কাঁদিস্ কেন ? অনেক দিনের তুইরে দাসী, টের ভূগেছিস্ এ সংসারে টের দেখেছিস্ কারা হাসি।
আজ কে বাছা কাঁদিস্নে তুই অমন চোথের জলে তিতি।
কাঁরা ভারি অলকুণে, আজ বে আমার বিয়ের তিথি।
কর্তা হবেন গঙ্গাবাসী, আমি যাব সঙ্গেতে তাঁর,
আমি অতি ভাগ্যবতী, এমন ভাগ্য হয় ক'জনার ?
নিজের গরব কর্তে সে নেই, বল্তে তব্ ইচ্ছে করে,—
আজ কে আমার কিসের লজ্জা, বস্ব চিতা-শ্যা'পরে।

সহমরণ যার যাহারা বিধবা হর আড়াই দণ্ড, অথণ্ড মোর এয়োৎ-রেখা, দেখ্না, কোথাও হরনি থণ্ড। বিধবা যে হবই নাক' জানি তা' মোর মন বলেছে, বিধাতা বে লিখ লে লিখন ফলেছে তা' ঠিক ফলেছে,—

## ভূলির লিখন

প্রমাণ তো তার কাল পেয়েছিল, —গেছি আমি আগেট মরে।
ধরেছিলাম আঙ্ল ছটো অলস্ত দীপশিপার 'পরে।
দেখ লি কেমন পুড়ে গেল ধুনোর মত এক নিমিষে ?
জীয়স্তে কেউ সইতে পারে ? সাড় থাকিলে সইত কি সে ?
গেছি আমি আগেই মরে, দাঁড়িরে আছে কাঠামটা,
কাটলে আমার, —দেখ তে পেতিল, —রক্ত নাইক একটি ফেঁটি
কর্তা যাবার আগেই গেছি, চলে গেছি মর্তা ছেড়ে,
হাওয়ার মতন হাঝা দেহ আল্গা হাওয়ার দিছে নেড়ে।
কড়ির ঝাঁপি কাঁথে এখন দাঁড়িয়ে আমি আকাশ-পথে,
প্রতীক্ষাতে দাঁড়িয়ে আছি মিল্ব আগ্রন-বরণ-রথে।

কাদ্হে ছেলে, কাদ্হে জামাই; জল শুধু নেই আমার চোধে,
শুকিরে গেছে মেহ মারা, ছারার মতন দেখ ছি লোকে !
প্রগো বাপু পরের ছেলে ! নিজের-ছেলের-চাইতে-বেশী !
তোমরা কোথার সাহস দেবে,—এ কি বাপু দূ এ কোন্দেশী !
মন করেছি সঙ্গে বাব, পণ করেছি যাবই আব,
দাও বাধা তো মরব ঘরেই, দাও ছেড়ে তো গঙ্গা পাব;
ধরে' বেধে রাখ বে কারে দু মড়া ঘরে রাখ তে আছে দু
আধ্ধানা যার চিতার শুরে আর-আধ্ধানা তার কি বাঁচে দু
মরা-নারের মারা কিসের দু বেটাছেলে শক্ত হবে,—
ছি ! বাবা ! ছি ! অমন করে দু সদরে যাও তোমরা সবে ।

আমার যাবার সময় হল, জোগাড় কর পাঠিয়ে দেবার ফুরিয়ে এল চোথের জোতি, ঘনিয়ে এল লগ্ন এবার।

লাগ্লে মনে লাগ্তে পারে, একমরণে বাচ্ছি মারা, এরা হবে একদিনেতে পিতৃহারা মাতৃহারা। লাগ্লে মনে লাগতে পারে; ভাব্বনা আর ও-সব কথা, মারাতে কি জড়িরে বাব ?…না, না… আমার নেই মমতা। বাজা ওরে বাজনা বাজা, কইরে তোরা আনু না ডুলি, স্বর্গে আমার হুল্ছে দোলা, রইব না আর মায়ার ভুলি'।

বাজা ওরে বাজনা বাজা, যাব আমি যম জিনিতে, যমের পিছন পিছন যাব হারা-মরা ফিরিয়ে নিতে; সাবিত্রী গো সহায় হ'রো, সহায় হ'রো শিবের সতী, পাই যেন মোর হারানিধি, ফিরে যেন পাই গো পতি। ইহকালের টুট্ল বাঁধন, পরপারে মন ছুটেছে, দেখছি আমি ও-পারে মোর পারিজাতের ফুল ফুটেছে।

বুকের পাঁজর ভেঙে দিরে যারা আমার আগে ভাগে
পালিরে গেছে, তাদের আমি দেখছি আমার আঁথির আগে—
তিন বছরের একটি মেরে, সাতাশ মাসের একটি ছেলে,
দেখছি পারিজাতের বনে, দেখছি আমার ছ'চোধ মেলে;

চিতার শুদ্ধে পতির পাশে স্বর্গে বাব সোনার দোলে, হারা-ছেলে ধরব বুকে, হারা-মেয়ে ধরব কোলে।

মা বাবা মোর স্বর্গে গেছেন, হয়নি দেখা যাবার বেলা,
আবার তাঁদের দেখতে পাব, স্বর্গে আমার চাঁদের মেলা।
বোনে বোনে মিল্ব আবার, হয়নি মিলন বিয়ের পরে,
দূরে দূরে পড়েছিলাম, দেখা হ'বে লোকাস্তরে।
কথায় বলে বর্বাকালে নদী তবু দেখবে নদী,
বোনে বোনে হয় না দেখা মরণ সে না মিলায় যদি।

বাজা ওবে বাজনা বাজা লাজাঞ্জলি ছড়িয়ে দে বে,
বিদায় হ'য়ে যাচ্ছি আমি যাচ্ছি সকল থেলা সেবে।
মূড়কি-মোয়া আন্বে হেথা, দিই সকলের হাতে হাতে,
মিষ্টি আমার মনে রেখো, তেতো ভূলো মূত্যু সাখে।
অঙ্গ আমার আস্ছে চুলে নয়ন মুদে যায় এখনি,
(আমার) কোটি চক্র উদয় হল; কর গো তোরা হরিধ্বমি॥

# বিষক্ত্যা

ওগো বিমুগ্ধ! কি করিলে ভূমি ? হায়! বন্ধু । জান না ? বিষক্তা যে আমি। পরশে আমার পরাণ টুটিয়া যায়, চম্বনে আসে মরণের ছারা নামি। নব কিশ্লয় কিশোর প্রণয় লয়ে কেন এলে সথা ভুজঙ্গিনীর দারে ? শত কামনার শতেক আযুধ সয়ে অামি যে তোমারে ফিরায়েছি বারে বারে। তরুণ তোমার করুণ চাহনি ত্বু,---এই কঠিনারে করেছিল চঞ্চল,— তব প্ৰবুদ্ধ করিনি তোমায় কত্যু,— বনের হরিণ ধরিতে করিনি ছল। ভালবাসিবার অধিকার মোর নাই, বুঝেছিমু তাহা, তাই ছিমু দূরে সরে ; যেই নীলা-মীনে হৃদয়ে লালিতে চাই বঁড়শীতে তারে বিধিব কেমন ক'রে ?

# ভূলির লিখন

মৃত বিষে মোর জর্জর কলেবর, দংশেছে ফণী তবু পাই নাই টের: আমাদের বিষে হার মানে বিষধর. সজীব অস্ত্র আমরা চাণক্যের। ওগো পতঙ্গ। জোনাকি ভেবে কি শেষে প্রদীপ-শিখারে ধরিলে আলিঙ্গিয়া গ চুমিলে বিভোল অধরে কপোলে কেশে, গরলের রসে পড়িলে যে স্চিয়া! জাঙ্গুলা বিষ ছিল ছটি কুণ্ডলে, কুন্তল-মাঝে ছিল গো নাগম্পুশা, তাই বিহ্বল লুটাইলে ধুলিতলে মিলনের ক্ষণে এল মরণের নিশা। বিষ-পাথবৈতে এ বিষ নামে না হায়, মিখ্যা এখন গরুডোলগার মণি. বিফল যতন, নিরুপায়। নিরুপায়। বিষক্সার ভালবাসা কালফণী। চকোরের মত হ'ল বিবর্ণ চোখ. ক্রোঞ্চের মত ভেঙে পড়ে তব গ্রীবা. তঃসহ মোরে দহিছে শুক্ক শোক. বুঝিতে না পারি হায় গো করিব কিবা!

মানুষ-শীকার করিয়া ফিরেছি ভুধ রাজ-সচিবের অঙ্গুলি-ইঙ্গিতে: বেথায় গিয়েছি আগুন অলেছে ধু ধু, রাজ্য ও রাজা দলেছি দারুণ চিতে। যম-পটে নমি' শিরে বাঁধি' অঞ্চলি. কবরীর মাঝে গোপন করিয়া ছুরি. কর্ম সাধিতে নির্ভয় চিতে চলি নুপুরে বলয়ে কটাক্ষে বিষ পুরি'। নন্দবংশ ধ্বংস করেছি আমি. চাণক্য কে ? কে সে ব্রাহ্মণ বট্ট ?… সে পাতকী মোরে করেছে নিরয়-গামী, দে কেবল কৃট ফন্দী ফ দৈতে পটু। অনাথা একাকী এসেছিত্ব এ নগরে,---( বিষ-নিশ্বাদে ম'রে গিয়েছিল স্বামী : )-বিধবার ঘরে কুৎদার ঘুণ ধরে,---অবীরা অবলা গ্রাম ছেড়ে এর আমি। নগরে তথন বিপ্লব-জন্ননা, নবাগত জনে কে তখন দিবে ঠাই ? जिका माशिय, शाहेलाम लाइना, চর ভেবে লোকে গায়ে দিল ধূলা ছাই। অন্নের লাগি' নিজেবে বেচিম্ন শেষে, দেখিতে দেখিতে বাড়িল রূপের খ্যাতি:

## ভূলির লিখন

ছ'দিন না যেতে রব উঠে গেল দেশে-"পুল-পুরেতে নৃতন পুল-ভাতি।" যাদের হুয়ারে পাইনি ভিক্ষা ছটি. তারাই আমার চয়ারে দাঁডাল এসে। হীরকে স্বর্ণে ভরে দিয়ে গেল মুঠি, আমি লইলাম,--- ঘুণার হাস্ত হেসে। চলিতে লাগিল জদিহীন উৎসব. মামুবের পরে ঘুণা সে চলিল বেডে: দিবসের ঘুম রাত্রির কলরব দূরে যেন মোরে রাখিল সৃষ্টি ছেড়ে। হোথা জল্পা চলেছে রাজা-নাশা: চাণকা মোর শুনিয়া রূপের কথা ডেকে নিয়ে গেল, কহিল মধুর ভাষা কহিল "তোমার নাম শুনি যথা তথা,---তুর্গে, শিবিরে, ধনী বণিকের ঘরে. বুঝেছি প্রভাব অন্ন তোমার নর; সবার দৃষ্টি আজিকে তোমার পরে, কার কার সাথে আছে তব পরিচর ?" মূর্ত্তিমন্ত সেই বটু কপটতা, গুরায়ে ফিরায়ে প্রশ্ন করিল নানা; इन-इठा कति स्वतन निन गर कथा, সব আনাগোনা হ'মে গেল তার জানা।

**(मार्य कहिन (म "अर्गा इस्त्री नात्री।** মোহিনীর বেশে দৈতো নাশিতে হবে : নন্দকুলের দর্প হয়েছে ভারি, রপের অনলে পোড়াও তুমি তা' সবে। লোগ্র ফুলের রেণুতে মনঃশিলা চূর্ণ করিরা মিশারে মাথিবে মুখে, রাজার বেটাকে দেখাবে হাজার লীলা প্রেম-অভিনন্ন দেখাবে প্রেমোৎস্থকে। রূপ-লোলুপতা লালদা উঠিলে জেগে একে একে একে স্থানিবে মুগ্ধ করি, মবণ গ্ৰল-আব হা ওয়া মাঝে বেখে তিলে তিলে তিলে আয়ু নিতে হবে হরি।" আমি চমকিয়া কহিমু "এ কৌতৃক ভাল নাহি লাগে, ঠাকুর ! বিদায় মাগি, এক পাপে মঞ্জি' পেয়েছি পেতেছি হুখ. আবার কি হব নৃতন পাপের ভাগী ?" কহিল সে "তবে রূপদী। বন্দী হ'লে" কৃত্রিম রোবে কাঁপারে মুক্ত শিখা: পডিয়া গেলাম বিষম গণ্ডগোলে. আকঠ পান করিলাম 'মধুলিকা'। কণ্কাল বহি' নিঝুম নীবৰ হ'ৱে কুকারি কহিছু "প্রগো তবে তাই হবে.

জন্ন যে জাতি দিনেছে ধর্ম্ম দরে তাদের শান্তি আরম্ভ হোক তবে।"

তার পর স্বন্ধ হ'রে গেল এই খেলা. সজীব অন্ত হলাম চাণকোর: मानव-कौरन लख ७४ (रुलारूना, অন্ত আমার নাই নাই পাতকের। मुछ विस्य करम कर्कत र'न एनर, মৃছ মদিরায় অসাড় করিল মন, গেল ঘুণা, ভয়, গেল বুঝি প্রীতি শ্লেহ, ষ্পশ্ৰ ফেলিতে ভুলে গেল হু'নয়ন। কাছে যারা মোর এসেছে অসংলয়ে হাসিতে হাসিতে তাদের দিয়েছি বিষ্ পৈশাচী থেলা অহরহ নির্ভনে---মরণের থেলা থেলেছি অহনিশ। শেষে একি হ'ল ? একি অপূর্ব্ব উষা জাগিল আধার পাপে মান মোর মনে ? তক্ষণ আধির পূজা-পারিজাত-ভূষা কে গো অৰ্পিলে এই কলঙ্কী জনে ? র্ণেষে বিমুগ্ধ মুগ্ধ করিলে মোরে দেবীর মতন দেখিলে এ পিশাচীরে:

ক্তমরিং অকালে উঠিল ভ'রে কিশোর হৃদির উছল প্রেমের নীরে। সারা জীবনের সব মমতার কুধা, আঁখির নিমেৰে মিটেছে তোমায় দেখে: কাছে না পেয়েও পেয়েছি পরাণে স্থা. তৰুণ মুবতি গিয়েছিল প্রাণে এঁকে। বিলম্বে এলে চলে গেলে তাড়াডাড়ি চম্বন দিতে বিষকস্থার মুখে---হলে হত; গেলে জনমের মত ছাড়ি জীবন খোয়ালে এক নিমেষের স্থাপ। আমি যে চলেছি বিষপ্রসাধনশেষে রাজমন্ত্রীর বিষ-পাংগুল কাজে. হায় উন্মাদ ় তুমি কোথা হ'তে এসে বক্ষে আমারে বাঁধিলে পথের মাঝে গ शाप प्रकल। शाप विस्तल शिया। হায় গো তক্ত্ৰ, একি নিদাকৰ খেলা! কি হল তোমার তরল অনল পিয়া ? হায় পতঙ্গ। জীবনে কি এত হেলা १ বঞ্চনা করি কি হ'ল বঞ্চিতারে প আপনি মরিলে কাড়িলে আমার প্রাণ; ৪৯ নয়ন ভরিলে আকুল ধারে বিষক্তার বিষ আজি অবসান ॥

# (मवमानी

षामि (मरमामी विश्रह-वधु আমারে ইহারা রেখেছে বেঁধে, কালো-কালো মান আকাশের মেঘ व्यामात्र इः १४ (करनाइ (केरन ! **डेग्राम जामि निह** ५८गा निह ज्यु अत्राथक वनी क'रत : কারে বলি ? হার। বিঠোবা আমার বাঁশরী বাজায়ে ডাকিছে মোরে। দেখে আসি তার শ্রীমুখের হাসি किंग वर्ग भागि,-करत्रिक् किंता ? কোন অপরাধে চরণ কাড়িলে? चारात प्रात डेबन मिता ? আপনার হাতে কর্পুর আলি' আরতি যে আজ করিব আমি, পূজা করি গিয়ে—দেবা করি গিয়ে ডাকিছে আমার দেবতা স্বামী।...

भूबाती भूबित ? काथाद भूबाती ? মরে গেছে সেই ভ্রষ্টাচারী, वामि এই हार्छ,- मा, मा व्यामि नव,-আমি চৰ্কল আমি কি পারি ? মৃতবংসার সম্ভান আমি (मवजात वरत कनम मम, দশের মতন নহে এ জীবন. কে আছে গো আর আমার সম ? শিক্তীন ঘরে শিশু এসেছিমু. শৈশব মম দীর্ঘ অতি. দেব-নিবেদিত জীবন আমার শিশুকাল হ'তে দেবে ভকতি। জননীর মুখে গুনিমু যেদিন দেবতার সাথে বিবাহ হবে. অসীম আকুল পুলকে পরাণ মাতিয়া উঠিল মহোৎসবে। তরুণ গরবে ভরিল হাম্ম जूनिनाम (थना, (थनात्र माथी, দেবতার ঘর হইল বাসর কিবা সে দিবদ, কিবা সে রাতি। ভধু দেখিতাম বন্ধিম ঠাম, দেখিতাম কালো রূপের ছটা.

### ভূলির লিখন

কুলে চন্দনে রত্বভূষণে বরের আমার সাজের বঁটা।

আমার দেবতা। আমার বিঠোবা। কুমারী-হৃদের সাধের বর। ভূলেছি তোমার নীরব বাঁশীতে তোমার দেউল আমার ঘর। জনক জননী ছাড়িয়া এসেছি তবুও তো বেশী কাঁদিনি, প্রভু। তাঁরা এসেছেন আমারে দেখিতে আমি তোমা' ছেড়ে বাইনি কতু। তোমারে তুষিতে নৃত্য শিখেছি, দেখিব বলিয়া ওমুখে হাসি কত উল্লাসে করিয়াছি গান প্রভাতে প্রদোষে সমুখে আদি': দিন কেটে গেছে এমনি করিয়া रयोवन এम मिरत्रष्ट्र मिथा. নৃতন-তপ্ত ফাগুন বাতাসে তপ্ত নিশাস ফেলেছি এক।। আরো কাছে যেতে, আরো কাছে পেতে বিহবল মনে বেড়েছে হুষা,

"কৃষ্ট-চাতুরী" পরীদের বত नीत्रव ठत्रवं किरब्रिक निना । পাষাণ-সোপানে শুটারে কেঁছেছি क्रक क्यारत त्राधियां माथा. দেউল বিরিয়া বুরেছি কতই মূহ গুঞ্জনে গাহিয়া গাথা। ক্ষ হয়ার তবুও খোলেনি. তবু বিঠোবার ভূনিনি বাণী, অভিমানে ফিরে শ্যা নিয়েছি কঠিন কাঁকন কপালে হানি'। কালো কেশ আমি করেছি ধুসর দেউলের ধূলি মোচন করি' তবু এ দাসীরে হয় না করুণা, স্বরূপ দেখিতে পাইনে, হরি। গল্পে শুনেছি যুবনে যুখন নিয়ে গিয়েছিল হরণ ক'রে থেলার পুতুল ছিলে হ'য়ে তুমি বাদ্শাজাদীর খেলার ঘরে। ভনেছি নিশীথে তারে দেখা দিতে মোহন মুরতি ধরিয়া, প্রভূ। নিমেষের তরে চোখের আড়াল করিত না সেও তোমারে কভূ।

ভক্তেরা হেখা হইল ব্যাকুল मीर्घ मित्नत्र व्यम्भात. निर्मा-मधना यवनीत्त किन' চতুর। পলায়ে এলে গোপনে। তোমা-হারা হ'রে পাগলের পারা তোমারে খুঁ জিতে বাদৃশালাদী বাহির হইল চডিয়া ঘোডায় দেশে দেশে কত ফিরিল কাঁদি'। শেষে সন্ধানী সন্ধান করি' হ'ল উপনীত তোমার দ্বারে. যবনী জানিয়া দারীরা তোমার প্রবেশিতে হায় দিল না তারে। বাধা পেয়ে ছটি বাহু পশারিয়া ফুকারিয়া নারী কহিল ভুধু "বিঠোবা। বিঠোবা। আমি যে এসেছি হুয়ারে দাঁড়ায়ে রয়েছি বঁধু !" প্রেম-আবাহনে পাষাণ-মুরতি উঠিলে ছাড়িয়া রতন-বেদী. পদকে বাহিরে আসিয়া দাঁডালে বিহাৎ সম জনতা ভেদি'। ত্ৰ:খ-হরণ হাসিটি হাসিয়া প্রেমী যবনীরে বাঁধিলে বুকে,

### দেবদাসী

দেখিতে দেখিতে শ্রাম জলধরে
দামিনী লুকারে গেল গো স্থাথ।
ভাগ্যবতী দে যবন-বালিক।
অঙ্গ-ভাগিনী করিলে তারে,
আমি অভাগিনী দিবদ যামিনী
কাঁদিতে এসেছি এ সংসারে।

বর্ধার রাতে জ্যোৎস্না ফুটিল,
অশ্রুর মাঝে ফুটিল হাসি
বিঠোবার মঠে ভক্ত এলেন
মূর্ত্ত যেন গো প্ণারাশি;
নমনে বচনে করুণা তাঁহার
মুখে স্মিত হাসি রয়েছে মিশে,
তাহারে কহিমু "বলে দাও প্রভু!
বিঠোবারে আমি পাইব কিলে।"
চামর হেলায়ে রুগস্ত হয়েছি,
ভুলাতে পারিনি নৃত্যগীতে,
ছঃখ-যামিনী কেঁদে কাটায়েছি
ছয়ারে পড়িয়া বরষা শীতে।
কহিলেন তিনি "এখন কেবল
সতত মানসে পুঞ্জিতে হবে,

সময় হইলে তোমায় বিঠোবা निब्ब एएक नव मूत्रनि-त्रव। বাহিরে যে আছে ও যে ছবি তার, সে আছে তোমারি প্রাণের মাঝে: মনের মাতুষে সন্ধান কর. দিন কাটায়ে। না বিফল কাজে।" ष्वताक रहेग्रा छनिङ्ग (म तानी. বুঝিতে নারিমু করিব কি যে, এ কি মিছে কাজে কাৰ্টিছে জীবন গ কিছু সমঝিতে না পারি নিজে। শ্রীমন্দিরের দ্বারে বসিতাম আগেকার মত বীণাটি লয়ে: থেমে যেত সব যাত্রীর রব. রহিতাম একা উদাস হ'য়ে। রৌদ্রের রেখা স'রে স'রে যায়. ঘন হ'য়ে আদে ছায়ার তুলি, ম্পন্দিত পাথে করে আনাগোনা দেউলে গো-পুরে কপোতগুলি। মনের মাঝারে খুঁজে মরি যারে তাহারি কেবল পাইনে ছাখা. আকুল হাদয় নিয়ে বদে আছি विकल कीवन कांग्रेंक कांग्रे

### দেবদাসী

মারী-আত্মার চরণে প্রণাম আমারে মারিলে বাই বে বেঁচে, এ জীবন-তরী বাহিতে না পারি কেবলি নয়ন-সলিল সেঁচে।

ধনী মহাজন মন্দিরে এসে অতিথি হইত ধ্বন যেবা, পুজারী—ভণ্ড পুজারী আমারে বলিত করিতে তাদের সেবা। বলিত সে হেসে "সকল পুরুষে আছেন তোমার দেবতা স্বামী।" আমি বলিতাম "তুমি দুর হও তোমার ওকথা শুনিনে আমি। व्यामि प्रवनामी विक्रीवात वध् বিধবার মত কাটাব কাল, যতদিন এই পদ্মের বনে চরণ না রাথে মোর মরাল।" বলিতাম বটে, তবুও হাদয় নিরমল বলি' হত না মনে. কোথা হতে যেন বিহ্বলতায় ছেরে যেত মন কণে কণে।

বনে যে আগুন কোথা হ'তে লাগে বরষে বরষে জানে না কেই. মনে অপগুণ কোণা হতে জাগে গুমিয়া পোডে গো পরাণ দেহ। বিঠোবারে ভালবাসিয়া তবুও স্বস্তি নাহিক দিবস-রাতে---वित्रही अन्त्र विद्धाही हत्र নিদ্রা না আসে নয়ন-পাতে। · প্রদীপে ধরিম আঙ্ল, ভাবিম বাহিরের দাহে ভূলিব দাহ. কাঁটায় করিমু শ্যা-রচনা এ দেহে আমার সহিল তাও। যত মৃছি যত শুচি করি মন তত্তই কালির অঙ্ক পড়ে. ভাবিয়া দেখিত্ব আমি তো ভাবি না ভাবনা আমার স্কন্ধে চডে। বিঠোবার সাথে মিলিব, এবার মনের এ মলা ঘুচাব আমি. নহিলে মরিব, মরণের পারে পাইব আমার দেবতা স্বামী। বিলাসের বেশ বর্জন করি বিরহের বেশে দেউলে ঘুরি

### দেবদাসী

ভাবিলাম শেষ মুড়াইব কেশ সংগ্রহ করি' আনিমু ছুরি। দেই রাতে আমি দেখিতু স্থপনে मत्रोन अरमर्ड कमनवरन, ফুলের মতন পুলকি' উঠিল এ তহু আমার সে চুম্বনে। নূতন শক্তি-নব আনন্দ-নিগৃঢ় প্রগাঢ় মিলন-মধু প্রাণপণে পান করিতে করিতে ভেসে যাওয়া মিশে যাওয়া সে শুধু ! বিপুল বেদনা !—তেমনি পীড়ন— যেমন পীডনে অধীর মেঘে দীর্ণ করিয়া দেবতা আমার ঝর ঝর জল ঝরান্ বেগে। নৃতন জীবন লভিয়া স্থপনে জাগিয়া উঠিত্ব ভচিস্মিতা, খ্রাম জলদের করুণা-ধারায় গেছে নিবে গেছে মনের চিতা। উষার বাতাসে হুটি আঁখি ধুয়ে স্থ-কিরণে করিত্ব স্থান, অভিষেক মোরে করিল অরুণ পাথীরা গাহিল আরতি-গান।

ডেকে মোরে যারা পেলেনাক সাডা তাহারা ভাবিল গিয়েছি কেপে. পূজারী আসিয়া অন্ন ছুঁইতে অচেতন হয়ে পড়িছ কেঁপে। সংজ্ঞা ফিরিলে স্থপনের কথা বলিমু প্রকাশি' সবার মাঝে, নিজ নিজ মত জাহির করিয়া গেল একে একে যে যার কাজে পুৰারী তথনো রয়েছে দাঁড়ায়ে সে কহিল মোরে "ভাগাবতী। স্থপন-সূচনা দেখে মনে হয় ধরা দেবে তোর দেবতা পতি: কেমন দেখিলি ?"—আমি কহিলাম,— করে শোভে বাঁশী নাগস্বরা, নরনাভিরাম বৃদ্ধিম ঠাম,---দেখিতে দেখিতে লুকাল স্বরা। কথা শেষ হলে মূঢ় গেল চ'লে তথনো বুঝিনি ফন্দি তাব, ব্ৰিলে তথন এ দশা কি হ'ত ইহ-পরকাল যেত কি আর ? তথন কেবল প্রাণে অমুভব---দেবতার প্রেম স্থপনে পাওয়া,---

मौर्च युश्त मिवन याशिज्ञा যামিনীর পারে স্থপন চাওর। ভালবাসা আমি পেয়েছি স্থপনে वाँधन जामात्र शिखरक् हेटहे, আমার সর্ব্ব দেবতারে সঁপি লইব এবার স্বর্গ লুটে। তার কমে মন তুষ্ট হবে না. তার চেয়ে কম নেব না আমি: তোমার প্রেম সে আমার স্বর্গ তাই দিতে হবে আমায় স্বামী। ভালবেসে আর ভালবাসা পেয়ে অন্ধের আঁখি গিয়েছে খুলি', এবার বুঝেছি কেমনে বিঠোবা বিপুল পৃথিবী ধরেছ তুলি'। ভালবেসে আৰু সম্ভৱ হ'ল সম্ভব হ'ল তোমারে পাওয়া, হাৰা করেছে হৃদয়ের বোঝা স্থপন-দেশের হালা হাওয়া।

এমনি করিয়া দিন কেটে যায়, স্বপনের স্বৃতি ফিরিছে সাথে,

বাসকসজ্ঞা করি নিতি নিতি চির-দেবতার প্রতীকাতে। সহ সা একদা ভনিমু নিশীপে वास्त्र (महे वांगी-नागचता। ভাবিলাম, এ কি ? জাগিয়া স্থপন ?… আবাৰ বাজিল।...উঠিছ তথা, দুয়ার খুলিমু,…নাই কেহ নাই,… কৃধিত তুরার কুল মনে. আরো কাছে যেন বাজিল এবার লুকাইরু হার শ্যা-কোণে। কে যেন আমার হুয়ারে দাঁড়াল। কে যেন আমায় ডাকিল ধীরে। আমি রহিলাম অসাড় অ-বাক. জানি না কথন গেল সে ফিরে। আমার লাগিয়া অভিসারে এসে ফিরে গেল এ কি দেবতা মম ? কেন ডেকে তারে ঘরে না নিলাম অভাগী নাহি গো আমার সম। নিশি-শেষে দেখি বর্ষা নেমেছে. ভেসে বার দেশ জলের শ্রোতে. ধারা-যন্ত্রের মত জল থারে শিলা-কপোতের চঞ্ছ হ'তে।

কি এক আবেশে কেটে গেল বেলা কেটে গেল সারা দিন কেমনে, ম্বপনের পাণী দিবসের নীডে পুষিতে বরষা করেছে মনে। সন্ধ্যা আসিল ফুটল না তারা. আমি ভাবিলাম মনেতে তবে চন্দ তাবার দেউটি নিবাষে তাঁর অভিসার আজিকে হবে। চুয়ার আমার মুক্ত রাখিছ त्रित निष्ठत्त्र श्रमील जाता. বাসর সাজায়ে পুষ্পে মুকুলে নিজ হাতে গেঁথে রাথিতু মালা। কথন ঘুমায়ে পড়িমু, জানি না, জাগিয়া দেখিত্ব কে যেন ঘরে, শিবে শোভে চড়া, অধবে মুরলি, অঙ্গের বাসে ভবন ভরে। নিব-নিব দীপ নিবে গেল হায় সহসা বাদল-বাতাস লেগে, বক্তের কাড়া সাড়া দিয়ে গেল তিমিব-নিবিড় নিশীথ মেঘে। দেবতা জানিয়া চরণ ধরিত্ব সে আমারে নিল তুলিয়া বুকে,

# जुनित्र नियन

উন্মাদপারা অজন্র ধারা নাচিতে লাগিল অধীর স্থাধ। वृत्क मूथ ताथि मूल এन चाँथि, মুরছি পড়িমু হর্মাতলে; মূৰ্চ্ছা অন্তে জাগিছ যখন দেশ ভেসে যায় তথনো জলে। ভোরের আলোয় শ্যার পানে চাহিতে সহসা দেখিমু এ কি! বিচ্যুত-চূড়া ছন্ম দেবতা নিজিত এ যে পূজারী দেখি! শিহরি' উঠিল সকল শরীর হ'ল সে শুঁঠের মতন শিঠা. ঘুণায় গ্লানিতে চোখের নিমেষে তিতা হ'রে গেল মনের মিঠা। যজ্ঞ-চরুতে পিশাচের লোভ। পাপের পদ্ধ আমার ঘরে। পাপের অঙ্ক আমার ললাটে, পূজারী আমার শ্যা 'পরে! কুকাৰে কি বুক এডই বেড়েছে! বুমাইছে হেণা অসক্ষোচে ! ছুঁরেছে আমার নরকের দূত এই কলম্ব কেমনে খোচে ?

নিচুর হাসি হাসিরা উঠিছ,
হাসিরা উঠিছ কাঁদিতে গিরা,
রোবে, অপমানে, ছংখে, সরমে
বেন ফেটে বেতে চাহিল হিরা।
কেল মুড়াবার অস্ত্রটা হিল
টানিয়া বাহির করিছ তারে,
হানিয় বকে, হানিছ কঠে,
কোপারে কাটিছ ভওটারে,
রক্তের ধারা ছুটিয়। লাগিল
পিচকারী দিরা আমার মুথে,
চীংকার করি বিকটোলাদে
ঘুরিরা পড়িছ ধরার বুকে।

# ज्ञित निवन

আমি দেবদাসী বিগ্ৰহণৰ্
কে লানিত মোর এ দশা হবে ?
পূজার পূপা গঙ্গে পড়িস নুধু কলম্ব বহিল ভবে।

# মরিয়া

অবধান ৷ প্রভূ ৷ চরণে প্রণাম কোম্পানী বাহাছর! এতক্ষণে সে হাদর-মনের मन्दर र'न मृत्। নোরা শুনেছিম্ন তোমরা কোথার কাটিছ নূতন থাল, ৰূল তাতে দেখা দিল না বলিয়া ভারি হ'ল গোলমাল। জানেরে পুছিতে সে নাকি বলেছে দিতে সেখা নরবলি. তাই আমাদের কেড়ে নিয়ে বাবে পাহাডীর কান মলি'। আমরা মরিয়া, মরিবার তরে উঠেছি পুষ্ট হ'য়ে, মারীচের দশা-কোনো আশা নাই ভাগ্য-বিপর্যারে।

তোমাদের হাতে মরিব, না হয় পাহাড়ী থোঁদের হাতে. সমুখে পিছনে মৃত্যু মোদের শঙ্কা কি আর তাতে ? তবে, ভাবিলাম মূল্য না দিয়ে नित्त्र (य भारतत्र गार्त,--পডে-পাওয়া বলি ঠাকুর-দেবতা ভুষ্ট হ'য়ে কি থাবে ? জোমা সন্দার আমার মায়েরে তিন-কুড়ি টাকা দিয়ে কিনে এনেছিল 'পফু'দের কাছে পাহাডতলীতে গিয়ে। পণ্যের মত মান্ত্র্য বেচাই পহুদের ব্যবসায়; সরিষা, হলুদ, রেড়ীর বদলে মাত্রষ বেচিয়া যায়। হাঁ সাহেব। বলি তোমাদের দেশে হলুদের চাষ আছে ? আছে १…থাক্ !...তবু দাড়াতে পারে না খোঁদ হলুদের কাছে। দেখনি তা' ব্ঝি ? কিবা তার রঙ আহা সে চমংকার,

হবে না কেন গো ? কেতে দেওরা রহ নর-রক্তের সার। হলুদ বেচিয়া জোমা সন্দার পেয়েছিল যত টাকা, তা' দিয়ে আমার মায়েরে কিনিল, হ'মে গেল হাত ফাঁকা: তা' ছাড়া তথন পেন্ন পূজার ঢের দিন ছিল বাকী. काब्बरे, भाखरत विन स्म ना निख নিজ গৃহে দিল রাখি'। গরীবের মেয়ে ছিল মা আমার. তার 'পর সে বছর বাপের আমার মৃত্যু হয়েছে,— দেশে মন্বন্তর.— কুধার যাতনা সহিতে না পেরে ভিক্ষা না পেয়ে শেষে অন্নের লোভে 'পমু'দের সাথে এসেছিল এই দেশে। তথন যে আমি গর্ভে হয়েছি জানিতে পারেনি কেহ. क्ता नकन स्थ मनात করিল সে সন্দেহ।

লোকজন ডেকে বলিল সে "একে যতন করিয়া রাখ. ছেলে ও পোয়াতি ছ' ঠাই না হ'লে বলি দেওয়া হবে নাক'। পমু বেটা আগে বৃঝিতে পারিলে আদায় করিত দাম. সেবার যেমন ঠকায়ে সে গেছে.— এবারে সে জিতিলাম।" আরো কিছু দিন বাঁচিতে পাইবে হ্মনিয়া মরণ-ভীত জননী আমার হর্ষ-আবেগে হয়েছিল মৃচ্ছিত। তার পর আমি জন্ম নিয়েছি. ক্রমশ হয়েছি বড়, লাফাতে ছুটিতে পাহাড়ে উঠিতে সাঁতার কাটিতে দড়। সম্ভানহীন সন্দার মোরে ফেলেছিল ভালবেদে.-"পোৰিঅ পুঅ বে করিব ইহারে" কৃষ্টিত সে হেসে হেসে। সন্ধাবেলায় একদিন ঘরে এসেছে গাঁরের 'জানি'. সন্দার মোরে তার সন্মুখে হাজির করিল আনি'। আমারে লইবে পোষাপুত্র সে কথা জানাল ভাবে. চমকিয়া 'কানি' কহিল "তাহ'লে গ্রাম ছারেখারে বাবে: পেরুর ধন ক'র না হরণ পেনুর হবে রাগ, দেবতার নামে যে ধন রেখেছ তাতে বসায়ো না ভাগ। তবে,—পার—বলি বন্ধ রাখিতে,— তেমন বিধান আছে.--তোমার জিম্মা দেবতার ফল পাকিতে থাকুক গাছে। কাচা হ'তে ডাঁশা ফল পেন্র হয় যে অধিক প্রিয় ; তবে তাই ভাল, বিশ বংসরে তুমি ওরে বলি দিয়ো।" সন্দার বুড়া মৌন রহিয়া মেনে নিল কথা তার. রাজ-ভোগে হায় চলিতে লাগিল পালন এ মরিয়ার।

# Pila fire

পুৰেৰ নাৰে প্ৰস্থতি বাচিল বেঁচে সেল যা আযার. ताहे इहेन कर मामह विन ह'रव क'कनात । र्वात्र बड़ कित्न जाना ह'न একটি হাড়ির মেরে, রোগা হাড়ে তার চর্বি লাগিল চৰ্ব্বা চোষা পেয়ে। মুখের কথাটি হয় না খদাতে হাতে তুলে দেয় চাঁদ, —( সে মরিয়া নয় দেবের ভোগা ষার মিটে নাই সাধ।) গানে গানে তারে রাখিল ভূলায়ে ভাবিতে না দেয় লেশ, রসের নেশায় ভূবিয়ে রেখেছে দেছে নব বাস-বেশ। ক্রমে উৎসব এল ঘনাইয়া চারিদিন সবে বাকী. গ্রাম কুড়ে বেন্সে উঠিল বান্ত পড়ে গেল হাকাহাঁকি। চঞ্চল হ'রে উঠিল সকলে মেম্বেরা কুড়িল নাচ,

नागरन थांव इ'न कुनहीन রস্থীত ভালগাছ। ব্রম লয়ে খেলিল ছেলেরা वन-शात दांडा चारि. ভারি বেড়ে গেল মেরে মরদের ষাতামাতি মাধামাথি। তিন দিন রাত এমনি কাটিল. চৌঠা ছিনের ভোৱে বুম ভেঙে দেখি চলেছে মরিরা मनीत्नत्र भेष श्रुत्र'। ফেলিছে চরণ কলের মতন লক্ষাবিহীন চোধ, সাথে সাথে তার কোলাহল ক'রে চলেছে গাঁষের লোক। চলেছে মরিয়া,—আজি সে নেশায় মরিয়া হইরা আছে. চোথের চাহনি আকুতিতে ভরা इंडि (शल (यन वांटि ; ঘুচে গেছে তার স্থতঃখের বিচার-বিচক্ষণা, মরিতে নিজেই চলেছে মরিরা जेनात्रीन जेनाना ।

পেন্র পাখী বহিতে হেলিয়া পড়িছে ক্লান্ত গ্রীবা; দিনের বেলায় এ কি কুম্বপন १... এ কি তবে নহে দিবা ? ভয় হ'ল মোর, তবু নিরস্ত হ'ল না কৌতৃহল, মরিয়ার পিছে চলিতে লাগিত্ব অনুসরি' কোলাহল। সাত বছরের শিশু এক দিল তেল মরিয়ার চুলে, 'জানি'-পুরোহিত মন্ত্র পড়িয়া মালা দিল গলে তুলে। ্সহসাজনতা ব্যাপিয়া বিষম পড়ে গেল ঠেলাঠেলি. মরিয়ারে খিরে মহা হড়াহড়ি উৎস্থক বাহু মেলি। মরিরার মাথা হ'তে তেল নিয়ে মাথিলে নিজের ভালে ডাইনীতে নাকি দৃষ্টি হানিতে পারে নাক' কোনোকালে। ভাগো তৈল কাহারো হইল, দুর হ'তে কেহ ভিড়ে

তৈলের লোভে হস্ত বাড়ায়ে চুলগোছা নিল ছিড়ে। বিব্রত হ'য়ে অভাগী মরিয়া বিক্বত করিল মুখ, তাডির পাত্র ধরিবা মাত্র পিয়ে নিল উৎস্কক। পেনুর কাছে মরিয়া চলেছে, চলে লোক জুড়ি' পথ, আস্তানা 'পরে দাঁড়াল সবাই করিয়া দওবং। 'জানি' যোড়হাতে কঙিল "ঠাকুর! থালাস আছি হে লোষে. মূল্যে ইহারে করেছি শুদ্ধ খাওয়ায়েছি খুব ক'সে; বলি-উপহার লও হে পেন্! হও প্রসন্ন, প্রভূ! দেহ বল দেহে, ক্ষেত্রে শস্ত, ভূলিয়া থেক না কভু।" প্রার্থনা শেষে সকলে মিলিয়া নমিল পুনর্বার, বান্ত বাজিল শিশুরা নাচিল বিলম্ব নাই আর।

## ्रू नित्र निश्न

প্রথমে বরাহ বলি হ'য়ে গেল রক্তে ভিজিল মাটি. সহসা খুরিয়া পড়িল মরিয়া !---স্বন্ধে পড়েছে লাঠি। চেরা-বাঁশ ছিল মজুত, অমনি চাপিয়া ধরিল গলা. হারবে মরিয়া! এ বারের মত শেষ হ'ল কথা বলা। মাথা তুলে আঁথি ঠিকরিয়া চায়,— চোথে আর নাই নেশা, বাঁশের হু'মুখ এক হ'য়ে এল চলিতে লাগিল পেষা। কুরপি ধরিয়া থাড়া ছিল হোথা ক্ষেতের মালিক যারা. না মরিতে নিল মাংস কাটিয়া যেন শকুনির পারা। ম্পন্দিত নাড়ী সন্থ মাংস তাদের মুঠার চাপে ব্যাধের বন্ধ-মুঠার পীড়নে পাথীটির মত কাঁপে। ধেয়ে চলে' তারা গেল উল্লাসে কি এক নেশায় মেতে,

#### महित्र|

তপ্ত মাংস পুঁতিয়া ফেলিল আপন আপন ক্ষেতে। শৃকর-রক্তে পূরিত গর্ত্তে মরিয়ার মুখখানা ডুবায়ে হেথায় গুঁজড়িয়া জোরে ধরিল লোকেতে নানা। নিশাস তার পড়িল না আর. নিশ্বাস ভগবান কৃষিবার আর রহিল না পথ, অপরাধ অবসান। প্রাণী-হত্যার পাতক হ'ল না প্রাণ রহিলেন দেহে, কর্ম হইল পূরা অমুকূল ধর্ম বাডিল গেহে। শূকর-শাবক দক্ষিণা পেয়ে ঘরে গেল পুরোহিত, পুরুষের সাজে নাচিল নারীরা গাহি পরবের গীত। ঘরে ফিরিলাম ভয়ে নির্ম্বাক বল নাহি পায়ে হাতে, অর পানীয় মুখে সে রুচে না নিদ্রা আসে না রাতে।

মারের পরাণ উঠিল শুকারে ভাবনায় দিন দিন. স্তুত্ত সবল শরীরটি তার ক্রমে হ'য়ে গেল কীণ। মরিয়ার মত দগ্রিয়া মরা ननार्छेत्र निशि नम् তাই মা আমার হঠাৎ মরিল ঘুচিল ভাবনা ভয়। আমি বহিলাম সদা সশঙ্ক, শিয়রে ফুঁ সিছে ফণী; বরষের পর বরষ কাটিছে মরণের দিন গণি'। সেই বীভংস উৎসব-কালে বংসরে বংসরে প্রতি মরিয়ার দঙ্গে মরিতে লাগিত্ব নৃতন ক'রে। যৌবন এল গৌরব ভরে নাহিক স্থথের আশা. কোন নারী হায় করিবে গ্রহণ মরিয়ার ভালবাসা ? নয়ন মগন হ'য়ে যেত, হায়, তবু স্বন্দর মুখে,

यम प्रकार जु र'क स्पान মন-গড়া হুখে সুখে। মরণ রয়েছে দাড়ায়ে হ্রারে তাও যেন যাই ভূলে। ভেজায়ে ছয়ার প্রেমের ভূবন দেখি বাতায়ন খুলে। এমনি করিয়া কুড়িটা বছর কেটে গেল জীবনের. আর বেশী দিন বাঁচিতে হবে না. সে কথা পেলাম টের। সহসা মোদের বুড়া সন্দার মরিল অপুত্রক, ষেটুকু ভরসা ছিল,—তা' ফুরাল, গেল মোর রক্ষক। নৃতন যে এক সন্দার হ'ল সে কহিল এসে "কে রে গ এটা কি জুমার পুষ্যি নাকি রে ? আগে তো দেখিনি এরে।" জানি-পুরোহিত কহিল "তা'হলে দৰ্দার হ'ত ও যে ;--জাগ্-বসানো ও দেবতার ফল,— निया छेट्टीइ मस्न ।

ও এক মরিয়া: ওরে সতর্কে नावधारन मिरहा द्रारथ. দগ্ধ মংস্ত শেষে না পালায় তোমার হস্ত থেকে।" পালাব ! ...এ কথা এতদিন, হায় কেন ভাবি নাই মনে। পারি তো পালাতে।...তবে এ বয়সে কেন মরি অকারণে ৪ তাই করিলাম, · বাহির হলাম নিভতি-নিশীথ রাতে, পাহাড়ের পথ হয়েছে পিছল অকালের বাদলাতে। ঘুমে-ঘোলা চোথ কচালি' চলিত্ব পা ফেলিয়া আঁচে আঁচে. পাহাডতলীতে নামিলে বারেক ছটিয়া পরাণ বাঁচে। কোথা যাব তার নাইক ঠিকানা চলিয়াছি খর পায়. এবার যদিরে ধরা পড়ে যাই १---একেবারে নিরুপার। কাঁটার আঁচড়ে ছড় গেল কত. উছটে ফাটিল নথ,

ঘুম উড়ে গেল, আধার ফুঁড়িয়া জনিতে লাগিল চোখ। পড়িতে পড়িতে বাঁচিয়া গেলাম :--পিছনে শিথিল শিলা চরণের ভরে উঠেছিল চলে বর্ষার জলে চিলা। বাঘের সাপের ভয় ভূলেছিত্ব মরিয়া তো মরিয়াই. ভোর হ'ল যবে, চেম্বে দেখি হায় না' ভয় করেছি তাই। শানুষ বেচিতে পন্ধ-বণিকেরা চলেছে বাধিয়া দল. আমারে দেখিয়া শীকার ভাবিয়া হ'ল তারা চঞ্চল। লুকাতে গিয়াই ধরা পড়ে গেরু ভাল করে দিত্ব ধরা, তাড়া ক'রে মোরে ফেলিল ধরিয়া, আঁধার দেখির ধরা। স্বধাইল তারা "কোথা তোর ঘর ?" "ঠিক উত্তর দিস"। "ঘরে যদি তোরে দিই পৌছিয়া কি মিলিবে বথ শিস ?"

আমি কহিলাম, নাই গর-বাড়ী নাইক আমার টাকা, কেহ নাই মোর জগতে, সমান মরে যাওয়া বেঁচে থাকা। তবে যদি মোরে প্রাণদান দাও করিয়া মেহেরবানী গোলাম হইয়া সেবিব চরণ পরম ভাগ্য মানি'। "মেহেরবানীর কথা রেখে দাও. সেইখানে চল তবে বেখানে তোমার এই কর্ম্মের উচিত শাস্তি হবে।" থন চেপে প্রায় গেছিল মাথায় শুনি তার এই কথা. মারিতে উঠিয়া হন্দু নিরস্ত, হায় রে নিফলতা। গ্রানির ক্ষোভের তাল সামালিতে রক্ত চডিল মাথে. কি বলিতে গিয়া নারিত্ব বলিতে. আলো কালো হ'ল প্রাতে। মাটি আঁকিডিয়া বসিয়া পডিস্থ বাতাসে পাতিয়া শির.

মূচ মূচ কেশ কণ্টকি' উঠে, প্ৰাণ অতি অন্থির। কি যে বলাবলি করিছে স্বাই अनिएं ना शाहे कि हू, আমি একা, হায়, ইহারা অনেক মাথা করিলাম নীচ। ফিরিতে হইল আবার: এবার পাহারা বসিল কড়া. পেয়াদা-সমুখে শয়ন ভোজন উঠা বদা নডাচডা। वन्गै नहिक, यथा (यर्ड हाई নিমে যায় তারা সাথে. স্বাধীনও নহিক, চোথে চোথে রাথে. চৌকী দিনে ও রাতে। বাতে দিনে মোর সোয়ান্তি নেই. মুখে মোর নেই ভাষা, মরণের হাওয়া পরাণে লেগেছে বুচে গেছে কাঁদাহাসা। ভোজন-ঘটার ঘটে নাই ক্রটি নাই তবু কুধা-লেশ; সিনানের জলে দেখির একদা শাদা হ'ৱে গেছে কেশ।

## ভুলির লিখন

মরিবার মত হয়নি বয়স,
তবুও মরিতে হবে;
তাই বিধি দিলে বুদ্ধের বেশ,
এবার মরিব তবে!
মরিতে বসেছি মাঝে মাঝে মন
তবু হয় বিদ্রোহী,
আশুন জালারে মনের গোপনে
আপনি তাহাতে দহি।
মরিব না ওগো মরিব না আমি
বলি-শৃকরের মত,
মারিয়া মরিব রাক্ষসদের,
এই হ'ল মোর ব্রত।

দিনে দিনে দিনে দিন ঘনাইছে
আবার পেলু পূজা,
আহলাদে বুড়া জোলান হয়েছে
সোজা হ'লে চলে কুঁজা!
হঠাৎ থামিলা গেল নাচা-কোঁদা
থেমে গেল উৎসব,
কানাঘ্যা শুনি 'কোম্পানি আসে!'
অস্ত খোঁদেরা সব।

তোমরা তথন বিরেছ পাহাড়, কোশানী বাহাছৰ ! ঘোর কলিফুগে রাক্ষসপুরী এসেছ করিতে চুর। কামানের গোলা ভারি বোল বলে,— मास शिन मनात, তাই তোমাদের হকুম মানিতে হিধা করিল না আর। তাই বাঘছালে বসি পরশিল তঙুল, জল, মাটি, নববলি দান বন্ধ করিতে শপথ করিল খাঁটি। খাটি এ শপথ ভঙ্গ করিলে বাঘে ছিঁছে থাবে গলা. মাটি হবে লোহা. - শস্তু না দিবে. গলায় ভাতের দলা---গলিবে না; জলে ভৃষ্ণা না যাবে ভারি এ শপথ কড়া, এ শপথ খোঁদ ভঙ্গ করে না. সন্ধির লেখাপড়া এর কাছে অতি তৃচ্ছ সাহেব, জেনো তুমি নিশ্চয়,

## ভূলির লিখন

বোঁদ আজ বড় দিবা করেছে,
নাই আর নাই ভর ৷
মরিয়ার আজ নরণ ঘূচিল
ছঃখ হইল দূর,
মশেষ লোকের আশিস কুড়ালে
কোম্পানী বাহাছর :

### শেষ

নিখিল অবদান

সমাধান

ষেধানে--

গীতি সে অবসান

र वशन्

শ্বশানে--

বেখানে মহাঘুষ

চিতাধ্য

স্ষ্টির

সেখানে কুণ্ডলি'

কুতৃহলী

তুলি শির।

গগনে অগণনা

মেলি ফণা

নীলিমার,

সাগবে মণি-গেছে

ঢালি দেহে

बश्यात्र,

ফণাতে **জলে তা**রা মণি-পারা

निर्मिषिन,

নিশাসে রবি শশী

পড়ে খদি'

আলোহীন।

আমি না হাসি কাঁদি,

যমে বাঁধি

নিয়মে, চপলা অচপলে

ফণাতলে

বিরমে ;

আমারি অধিকারে

ভারে ভাবে

অবিরল

জমিছে জগতের

ফসলের

শেষ ফল।

উগলি' বে কাকলি

যায় গলি'

বাতাদে,—

যে ভাতি ছিল দীপে—

গেল নিবে-

কোথা সে ?

যে চেউ

দিল দোলা ভয়-ভোলা

ভেলাকে,—

তলায়ে গেল কোথা ?---

সে বারতা

কে বাথে গ

যে স্থৰ

হ'ল শেষ

রাথি' রেশ

পুলকে,—

ফুরানো

হাসি-রেখা

থাকে লেখা

অলথে;

বারেক

ঙ্গুটে উঠে গেছে টুটে

< 300

যত ফুল

হ'ল সে

হ'ল জমা

সে সুষমা

नरह धृन्।

হারানো সব গান সব প্রাণ

আছে গো

আমারি ফণাতলে

म्त्य मृत्य

রাজে গো;

হেথায় নতমুখ

ভূল চুক

চুকিছে,

হারানে ত্থ স্থ

ধুক্ ধুক্

ধুকিছে।

ব্যথার পাথারেতে

ঢেউ মেতে

উঠে সে,

जुकात्न शनाशनि,—

হেথা জানি

रूटि म ;

থিত পারাবার

হাহাকার

করে, হার!

সেবৰ বায় মিশে

আমারি সে

গরিমায়।

নিশাদে এ নিখিল

হ'ল নীল

मममिन,

বিষাণে ওঠে তান

অবসান

হুধাবিষ ;

গ্রজে মহাজল

জগতল

জিকু

আমারি ফণা-ছায়

হেনে চায়

বিষ্ণু!

বটেরি ছায়া সম

**এই मम** 

ফণাচয়

এখানে বাঁধে নীড়

করে ভিড়

नभूतम् ;---

যত সে হারা মন

পুরাতন

হারা প্রাণ,—

হারানো আলো ছায়া

স্বেহ মায়া

ভোলা গান।

যা' কিছু পায় ক্ষয়

তাহা বয়

আমাতে.

প্রালয়ও বাসে ভয়

হয় লয়

আগাতে ;—

আগুতিও নাহি সহে

সে যে দহে

পরশে,

ফণাতে আমি রাখি

স্থা ঢাকি

উরসে।

স্হজে আমি ঋজু নহি কিছু

नार । प्रष्टू दक्क,

195

नीनात्र निनदांशी

রচি আমি

**54**;

नीत्रत निश्चि (नश्च)

আমি একা

দ্ৰপ্তা,

নিখিলে চিরকাল

যতিতাল-

শ্ৰন্থী।

আমাতে বীতশোক

লভে লোক

निर्साণ,

নিরালা' নিশসিয়া

মোর হিয়া

গাহে গান;

এমম ফণা পর

চরাচর

ধরণী

মরণের .

সর্পের

সর্ণী।

জনম-

# वृत्तित्व नियन

হেলিয়া যবে ছলি,

চেউ তুলি

উতরোল,—

উথলে চারিভিতে

ত্মভীতে

**ज़ॅरे**मान !

আমাতে ধরাধর

নির্ভর

লভিছে,

শিয়রে হ'য়ে গ্রুব

সব শুভ

শোভিছে।

তুহিন- রাশিসম

দেহ মম

অতি হিম,

ভিতৰে স্থা-গেহ

শুধু সেহ

निःमीय।

প্ৰজাও প্ৰজাপতি

দ্রুতগতি

সে ধাৰে

**CAT** 

আসির। হর কড় ছোট বড় আরামে।

মরণ ভূল কথা,—
ও বারতা
নর ঠিক্,—
ফণাতে হের থির
হারা প্রীর
বাত্তিক ।
হারানো বে সুহমা,—
হ'ল জমা
সমুদ্র,—

মম ফণা শেতিমির !

অগণনা

করিল

যা' কিছু নিবে যায়
উবে যায়
মম ভায়
রহে দে,

যা' কিছু উঠে হেনে,—

ভূবে ভেসে জমে এসে

ध स्ति ;

আমারি মণি-ঘরে

থরে থরে

অবিরল

ক্ষমিছে আসলের

ফসলের

শেষফল ॥

#### হদিস্

স্থ্যা-সায় = ছায়া-স্থ্যা; চিত্রে ফি কা ও গাঢ় রঙের ক্রম-সমাবেশ।
বিহাৎপর্ণা = একজন অপ্রা, মহাভারতে ইহার উল্লেখ আছে।
মুজ্বান্ = পর্বাড় সোমলতা এই পাহাড় হইতে আহত হইত।
পাপদেশনা = বৌদ্ধ Confession.
উপসম্পদা = বৌদ্ধ দীকা।
যাত্থান = যাহকর, মায়াবী।
ক্রব্যাদ = মাংসভোজী; রাক্ষম।
অননন্দ লোক = আনন্দহীন; নরক।
ক্রথার্কণ = যজে বাহারা নেতৃত্ব করিতেন তাঁহাদিগকে অথর্কণ বা ব্রহা

বলিত। ইহারানানা বিভাবিশারদ ও বিচক্ষণ ছিলেন।

শাক্সানিয়া কাগজ = যে কাগজে আফ্সানো অর্থাৎ ছিটানো হইয়া

থাকে। সোনা-ছিটানো কাগজ।

हिंध-চাতুরী = এক রকম ছোটো আকারের পরী। ইহাদের নজর লাগিলে রাধা তরকারী টকিয়া বায়, ছধ নট হয় — অস্তত দাকিংণাতো এইরূপ বিশাস।

ারী-আআ = দাক্ষিণাত্যে পূজিত মারীর দেবতা। আমাদের শীতলার মত। পায়ু = থোঁদ জাতির দেবতা। পায়ু = এক জাতীয় বণিক। দানি= থোঁদ জাতির দৈবজ্ঞ, পুরোহিতও বটে। পায়ু রুণাথী=হাড়িকাঠ।

# একই লেখকের লেখা

্বৰ্ভ বীণা (কবিতা) ... একটাকা
হোমশিখা ... একটাকা
ফুলের কসল ... ... আট আনা
কুছ ও কেকা ,... ... একটাকা
তৃতির লিখন ,... ... একটাকা
তৃতির শিলন ,... ... একটাকা

বারো আনা

বারো আনা

চার আনা

জন্ম :খী (উপত্যাস)

রঙ্গমন্ত্রী ( নাট্য )

চীনের ধুপ

# স্বৰ্গীয় অক্ষয়কুমার দত্ত প্রণীত

হিন্দুদিগের সমুদ্র যাতা ও	বাণিজ্য বিস্তার ( অ	ক্ষকুমারের কনিষ্ঠ	পুত				
স্বৰ্গীয় বজ	নীনাথ দত্ত সম্পাদি	ত )	210				
ভারতবর্ষীয় উপাসক সম্প্রদ	ায় (প্ৰথম ভাগ	)	₹∥•				
29 29 29 29	( দ্বিতীয় ভাগ	)	010				
শ্ৰীকালীচরণ মিত্র প্রণীত							
থিকা (গল্পের বহি )		এক	টাকা				
ষ্ণেমধুর ( নাটিকা )	·	ছব	আনা				

